

জ্যেষ্ঠাগ্ৰজ

পূজ্যপাদ শ্রীযুক্ত বাবু কালীকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়

মহাশয়ের শ্রীচরণে

এই গ্ৰন্থ

উপহার স্বরূপ

অর্পণ করিলাম।

প্রমথনাথ

নাটক।

শ্ৰীকৃষ্ণধন বন্দ্যোপাধ্যায় কৰ্ত্তক বিরচিত এবং প্রকাশিত।

কলিকাতা

২৪ নং সীর্জাফর্শ লেন পটলডাঙ্গা

শুপ্তপ্রেশে

শুমতিলাল দাস কর্ত্ত্বক

মুদ্রিত।

১২৮২



,

.

অভিনেতৃগণ।

পুরুষ ।

অংশুমান

প্রমথনাথ

মন্ত্ৰী

জয়শীল

কেয়্র বান পতিতপাবন

মদনমোহন

প্রতাপাদিত্য

শশিশেখর

শুরেন্দ্র সিংহ

মগধের অধীশ্বর

ঐ ভ্রাতুপ্পুত্র

রাজার

সেনাপতি

কোষাধ্যক্ষ্য রাজসহচর

ঐ ভ্ৰাতা

কান্যকুজপতি

রাজ পুত্র

সেনাপতি

की।

রোহিণী—দেবী

বিদ্যাবতী

বিশ্ববিমোহিনী

মগধরাজমাতা

প্রমথনাথের মাতা

মগধ রাজের ভাগিনেয়ী

'জ্যোতির্বিদ্, দূত, প্রতিহারী নাবিক ইত্যদি ইত্যাদি।

গ্ৰহ্ম প্ৰমথনাথ

প্রথম সঙ্ক।



রাজপ্রদাদ—সভাগৃহ।

বোহিণীদেবী আসীনা।

রোহিণী। এ বিপুল বিশ্বধানে ধর্মই মনুষ্যের ইহলোকে পুথ স্বচ্ছন্দে থাকিবার একমাত্র উপায় ও পরলোকে পুণ্য থামের পবিত্র পথ প্রদর্শক, মানব মন মায়াজালে আচ্ছন্ন, ক্রোধ লোভ অহস্কার প্রভৃতি জঘন্য মনোরন্তি সমুদায় পর্য্যায়ক্রমে প্রভুত্ব করে,মনুষ্যেরা মনকে আপনার আয়ত্তে আনিতে পারে না। কখন কাহারও সহিত কলহ করিতেছে—কভু বা অন্যের কোন মহামূল্য রত্ন দেখিয়া অপহরণ মানসে ঘোর তিমিরারত রজনীর দিতীয় যামে নিঃশৃক্ষ চিত্তে চলিতেছে, আবার কখন বা সেই হৃদয় ধন গর্বে অস্বা, রাজাধিরাজকেও তৃণবৎ জ্ঞান করিতেছে না,— মানব মনের বিচিত্র গতি কখনই ছিরনয়—সমুদ্র তরজো-থিত জলবিম্বের ন্যায় অনবর্তই উথিত হইতেছে ও প্রক্ষণেই কিলীন হই য়া যাইতেছে; কিন্তু পার্মিকের সে

নীতি নয়—তাহারা মনকে প্রকৃতিস্থ করিয়াছে—ক্ষমা,
সহিষ্ণুতা, দয়া, পরোপকার প্রভৃতি গুণ সমূহ তাহাদের
হৃদয়ে দিবা নিশি দেদীপ্যমান, ভ্রমক্রমেও কুপথে
যায় না। পৃথিবীতে সহজ্ঞ প্রলয় হইয়া গেলেও তাহাদিগের
মনকে বিচলিত করিতে পারে না, ইতর লোক যে সকল
ভাবনায় চিত্ত সংযম করিয়া কলেবর শীর্ণ করিয়া ফেলে,
সেই চিন্তা তাহাদিগের অন্তঃকরণে স্থান পায় না, সুখ
ছঃখ সমজ্ঞান—(রাজার প্রবেশ) এস বৎস, আমি এতক্ষণ
তোমারই বিষয় চিন্তা কচ্ছিলেম্ শারীরিক সুস্থ আহত।

রাজা। মাত, আপনার ও পদ প্রসাদাৎ শরীর সর্বতো সুস্থ কিন্তু মান্দিক যাতনায় অন্তর দগ্ধ হয়ে যাচে।

রোহিণী। তুমি প্রতি নিয়তই কেন ভাবনাকে মনে স্থান
দাও? অমাত্য ও সহচরবর্গের সহিত আমাদ প্রমোদ কর—
নৃত্যশালায় গিয়া গীত বাদ্য নৃত্যাদি দর্শন ও প্রবণ কর—
প্রভাতে প্রনহিলোলে—যে সময়ে কাননস্থল কুসমগ্রো
পরিপূর্ণ হয়, সেই সময় কাননে গিয়া স্পিন্ন সমীরণ
সেবন কয়, মনকৈ প্রফুল রাখ, দিবা নিশি ভাব্লে কি
হবে।

রাজা। জননী আমি অকারণ ভাবিনা, ভাবনায় আমার বাস্তবিক অধিকার আছে, যখন শত্রু জীবিত ও আমার অনিষ্ট উৎপাদনের জন্য, বোধ করি সে পৃথিবী, শুদ্ধ লোককে তার পক্ষে সমর্থন করেছে তবে আমি কিরপে নিশ্চিন্ত থাকিতে পারি!—আর আপনি কি শুনেন নাই কান্যকুজপতি এ,রাজো দূত প্রেরণ করেছেন ? সন্দর্মতি বিদ্যাবতী তাহার পুত্রের সহিত কান্যকুজেই আছে দুত আগতপ্রায় এখনই এখানে আসবে—

রোহিণী। কান্যকুজপতি কি নিমিত্ত দূত প্রেরণ করেছেন গৃ
তিনি যে আমাদের পরম আত্মীয়, বোধ করি তিনি অন্য কিছু মনন করে দূতকে এ নগরে পাঠিয়েছেন।

[মন্ত্রী সেনাপতি, কোষাধ্যক্ষ, ও দূতের প্রবেশ।]

রাজা। তবে কান্যকুজ্ঞপতি আপনাকে কি অভিপ্রায়ে এখানে পাঠিয়েছেন ?

দূত। কান্যকুজপতি আমাকে তাঁহার প্রতিনিধি করে পাঠিয়েছেন।

রাজা। বেশ তারপর।

দূত। আপনার হত লাতা বীরেন্দ্র সিংহেব পুত্র প্রমধনাথ যিনি এই মগধ রাজ্যের প্রকৃত অধীশ্বর,
বীবেন্দ্র সিংহের হত্যুর পর এ রাজ্য তাঁহারি
প্রাপ্য, আপনার ইহাতে কণা মাত্র স্বত্ত্ব নাই আপনি
প্রমথনাথের পিতৃব্য, পিতার স্বরূপ, প্রমথনাথ বালক
একণে রাজ্য শাসনে অক্ষয—আপনার উচিত ছিল
তাঁহাকে সিংহাসনে বসাইয়া স্বয়ং প্রধানমন্ত্রীঃ
পদ গ্রহণ করিয়া রাজকার্য্যের পর্যাবেক্ষণ করা
কিন্তু 'আপনি স্ব ইচ্ছায় সেরূপ মহজ্জনোচিত কার্য
করেন নাই—রাজ্যলোভে অস্কা, স্বেহ্ মমতা পরিশূন্য

হবেন-

জনাথ। পতিবিয়োগ-বিধুরা বিদ্যাবতীর পতি-রাজ্য ও সহায়হীন বালকের রাজ্য বলপূর্ব্বক অপহরণ করে-ছেন—আমি বোধ করি, মগথে আবাল রুদ্ধ বনিতা আপ-নার এই ব্যবহারে কেহই সম্ভুক্ত নহেন এবং আমরাও সম্ভুক্ত নহি, এই জন্য বলি, যে রাজ্য যাহার যদি তাহাকে তাহা প্রদান করেন তা হলে আমরা অত্যন্ত সুখী হই। রাজ্য। ভাল, আমরা যদি ইহার বিপরীতাচরণ করি? দূত। ভীষণ সংগ্রাম উপ্থিত নরশোণিতে প্রকৃতি প্লাবিতা

রাজা। আমরা সংগ্রামে কাতর নহি—রণ ক্ষত্রিয়ের ধর্ম—
আমরাও রণ করিব। আমরাও শোণিতপ্রবাহ রদ্ধি
করিব—যান আপনি কান্যকুক্তপতিকে এইরূপ বল্বেন।

দুক। আচ্ছা আমার দোতোর শেষ অবধি শ্রবণ করন।
রাজা। (সক্রোধে অসি নিজোব করিয়া) আর অধিক
শোনবার কিছু আবশ্যক নাই। আমি যেরপে বল্লেম
আপনি অবিকল সেইরপ আপনার নৃপতিকে জ্ঞাপন
করিবেন, এক্ষণে বিদায় হউন—অশনিপাতের অগ্রে
ইরম্মালালোকে আকাশমগুল উদ্যাসিত হয়, এবং অব্যবহিত পরেই অশনি নিনাদ শ্রুতিগোচর হয় আপনি
আজ কান্যকুজ্ঞবাসীদিগের চক্ষে সোদামিনীস্বরূপ হউন,
কারণ আপনার কান্যকুজ্ঞে উপস্থিত হইবার পূর্বেই
আমার উপস্থিত হইবার সম্ভাবনা, এবং কান্যকুজ্ঞে

আমার জ্যানির্ঘোষ ও শর্রনিক্ষেপণ শব্দ শ্রুতি-গোচর হবে—আমাদিগের ক্রোধের ভেরীস্বরূপ ও কান্যকুজ্ঞধংশের ভবিষ্যৎ বার্ত্তাবহস্বরূপ গমন করুন— মস্ত্রি! দূতের ধ্থাযোগ্য বাসস্থান প্রদান কর, কোনরূপে না ক্রটী হয়, তবে এক্ষণে আপনি বিদায় হউন।

(মন্ত্রীব সহিত দূতের প্রস্থান)

রোহিণী দেবী। বৎস্য অংশুমান, আমিত বাবা পূর্বেই
তোমাকে বলেছিলেম যে ছফা বিদ্যাবতী তাহার
পুত্রের রাজ্যোদ্ধার নিমিত্ত সমগ্র ভারতবর্ষকে
একত্র করিবে—দেখ দেখি, কেবল তোমার অপরিণামদর্শী বিবেচনায় এরূপ ঘটিন, এখন কি সর্বনাশ
উপস্থিত! ছই পরাক্রান্ত রাজসৈন্যের ভীষণ সংগ্রামেও
শেষ হবেন। আর ভবিষাতের তিমিরারত গর্ভে কি
আছে কে বলিতে পারে ?

রাজা। জননি, আমাদিগেব স্বত্ব ও অধিকার বিদের চিন্তা? বোহিণী। (সহাস্যে) বংস ভোমার অধিকার স্বত্ব অপেক্ষা অধিক বলবং, নচেং ইহা যে ধর্মা ও ন্যায়সঙ্গত তাহা আমি জীবন সত্ত্বে কথনই বল্তে পারি না।

সেনাপতি। মাত আপনি নিশীখনাথের উজ্জ্ল কুলে পাঞুবংশ সম্ভূতা হয়ে, এমন ভীরুজনোচিত কথা বলেন ইহা অত্যন্ত আশ্চর্য্য ও হুঃখের বিষয়। মহারাজ যে কোন উপায় অবলম্বন করিয়া রাজ্য প্রাপ্ত হউন নাকেন, আমরা তাঁহার কিঙ্কর পদবীতে জীবিত থাকিতে, এই সপ্তদ্বীপা ধরিত্রীর কোনস্থানে এমন বীরপুরুষ নাই, অথবা উপযুক্ত দেনাও নাই, যে আমাদের প্রতিকূলে অস্তধারণ করে—কান্যকুজপতি কোন ছার, নৃপতিকুলের জুলনায় আমি তাকে শৃগাল অপেক্ষাও সামান্য জ্ঞানকরি, অনুমতি প্রাপ্ত হলে হগেন্দ্র যেমন হগশাবক বধকরে, ছরাত্মা যে অবস্থায় থাক না কেন, আমি তার ছিন্নমস্তক ও পদপ্রসাদে এই মুহুর্ত্তে প্রদান করিতে পারি—

- রোহিণী। বংস চিরজীবী হও, বীরজনোচিত কথাই তোমার মুখ হতে নিঃস্থত হয়েছে—কিন্তু কেন অকারণ বিপদকে আহ্বান কর।—
- সেনাপতি। বিপদ আবাব কি—রণে বিপদ কোথায় অবশ্যই শক্তকে সমুচিত শাস্তি প্রদান কর্ব।
- রোহিণী। বৎস্য যা বল্চ সকলি তোমাতে সন্তব, কিন্তু
 ভবিষ্যতে কি হইবে তাহাব কিছুই নিশ্চয় নাই। আমান্দিগের পূর্ব্ব পিতামহণ্য যখন কুরুক্ষেত্রে যুদ্ধ করিয়ািলেন, কে জানিত যে কুরুক্সেন্য ভীয় দোন রূপ কর্ণ আশ্বর্থামা প্রভৃতি বীরণ্য কর্তৃক রিক্ষত হইয়াও নিধন প্রাপ্তইবে পরশুরাম একবিং শতিবার পৃথিবী নিঃক্ষভিয়া করেছিলেন ভীয়দেব সন্মুখরণে সেই পরশুরামকে
 পরাত্র করেন—দোণাচার্য্য ধন্ত্বিদ্যায় ক্ষভিয় পৃথিবীর
 উক্ত, তবে ধনজয় রণে কিপ্রকারে তাহাদের বধসাধন
 করিলেন ? অদুটের অবশ্বস্তাবী কার্য্য কেইই নিবাব্য

করিতে সমর্থ নয়, অতএব যুদ্ধবিগ্রন্থ অপেক্ষা সন্ধি সর্ববিতাভাবে শ্রেয়স্কর—আরও দেখ, যতোধর্ম্মন্ততো জুয়ঃ, ধর্মেরই জয় হবে—

রাজা। মা আপনি অন্যায় আজ্ঞা কর্চেন, যে ক্ষত্রিয়বংশে জন্মগ্রহণ কংরে দং গ্রামে আহূত হংয়ে বিমুখ হল তার জীবনে প্রয়োজন ? দে কাননেগিয়া তাপদ বত অবলয়ন করুক, আমি ক্ত্রিয়, রাজবংশে জন্মগ্রহণ করেছি রণে ভীত হওয়া মাদৃশ জনেব হত্যু অপেক্ষাও অধিকতর ক্লেশকব—রণে আহ্বান করেছে, রণই করিব সন্ধি করিব না—জননি প্রসন্ধা হন, দাসের এই মিনতি।

রোহিণী। পতনোমুখ পর্বতচূড়ার গতন কে রক্ষা করিছে
পাবে ? নদীন্দ্রোতকে প্রতিকূল পথে কে পাঠাইতে
পারে ? আমি বুঝিয়াছি সংগ্রাম ভিন্ন অন্য কোন
সন্থপায় চেন্টা হইবে না—তবে আপন পক্ষের বল
সম্যক অবগত হও, পরে সেনাপতি ও অমাত্যবর্গের
সহিত মন্ত্রণা করিয়া যুদ্ধযাত্রা কর জানার কিছুমাত্র
অমত নাই।

সেনাপতি। মাত, আপনার মুথ হতে যে অনুজ্ঞাসুচক

বাক্য নিঃস্থত হয়েছে তাহাতেই আমবা কৃতার্থমন্য

হলেম—আপনি প্রসন্না থাক্লে সমরে স্বয়ং শচীনাথও

যদি রণভূমে প্রতিদ্বন্দীরূপে দণ্ডায়মান হন, তথাপি
আমার কিছুমাত্র ভয় হয় না।

রাজা। কেয়ুরবান, তুমি অন্য বৈকালেই আমার সংবাদ দেবে ধনাগার হংতে আমরা কি পরিমানে এই উপস্থিত যুদ্ধেব্যয় কত্তে পারি।

কোষাধ্যক্ষ। মহারাজ গত পঞ্চদশ বৎসরাব্ধি ধনাগারে অপরিমিত ধন সঞ্চয় হয়েছে উপস্থিত যুদ্ধে ১০ কোটী মুদ্রা অনায়াসেই ব্যয় করিতে পারেন, অথচ তাহাতে ধনাগারের কিছুমাত্র ক্ষতি হইবে না।

মিন্ত্রির প্রবেশ]

রাজা। তবে তুমি কাল প্রাতেই ধনাগার হতে আপাতত চারি কোটি মুদ্রা বাহির করে রাথ বে

মন্ত্রি। মহারাজ কান্যকুজপতি সদৈন্যে আগত প্রায়—আমি
তথায় আমার কতিপয় বিশ্বাসী লোককে তাহাদিগের
বলাবল সম্যক অবগত হবার জন্য প্রচ্ছন্ন বৈশে
পাঠিয়েছিলেম, তারা ফিরে এসে বল্লে ফেমন পঙ্গপাল
দল আকাশমণ্ডল ছাইয়া যায়, স্থ্যাদেব ও দৃষ্টিগোচর
হয় না, তেমনি তিনি অগণ্য স্থাশিকিত সেনা লইয়া,আমাদিগের প্রতিকূলে আগমন করিতেছেন—আর আমাদিগের সহিত যুদ্ধ উদ্দেশে ক্রমারয়ে আজ তিন বৎ সর
দৈন্যদিগকৈ শিক্ষা প্রদান করিয়া আসিতেছেন—আরপ্র
বল্লে বোধ হয় অধুনা পৃথিবীর উপর এমন কোন
রাজারই দৈন্য নাই, যে তাহাদিগের প্রতাপ সহ্য
করে।

বেছিণী। তোমরা সকলেই এ সভায় উপস্থিত আছে এবং

সেনাপতিও স্বয়ং উপস্থিত আছেন; সকলে পরামর্শ
করিয়া যাহা যুক্তিসিদ্ধ হয় কর—কিন্তু আর সময় নাই
বিলম্বে অনিই হইতে পারে—কাকোদর গহ্বরে থাকিলে
ভয় কি ? কিন্তু স্বযুপ্ত ব্যক্তির শ্যায় উপর উঠিলে কি
উপায়ে সে রক্ষা হইতে পায়ে?—তাহায়া এনগয়ে
উপনীত হইতে না হইতেই তোময়া তাহাদিগকে আক্রমণ
কর—বিপক্ষণণ নগয় বেইন করিলে য়ুদ্ধে জয়লাভের
সন্তাবনা কোথায় ?—বিলম্ব না হয়, কলাই ভগবান
বিশেশবের চয়ণ বন্দন। কবিয়া য়ুদ্ধ যাতা কয়।

সেনাপতি। মহারাজ দর্প গরুড়েব নীড়ে আদিয়া কি পুন
ফিরিয়া যাইতে পারে ? দিংহ-গহ্বরে শৃগালের পরাক্রম
কি সম্ভব ? দিবদের দ্বিতীয় প্রহরে চন্দ্র উদয় হইলে
অংশুমালীব তেজ কি হাদ হয় ? শারদীয় নীল নভহ্বলে
মেঘাড়য়র ? পূর্ণচন্দ্রোদয়ের খদ্যোতিকা প্রভা ? কান্যকুজ্বের
সৈনয়গণ স্থাক্ষিত, হাহাতে কি ক্ষতি ?—হরিণ ও কেশরীতে খাদ্যখাদক দয়ল্প,—শাবক হইলেও খাদ্য, রদ্ধ
হইলেও খাদ্য—প্রতাপাদিত্যের দেনা সকল যতদূর স্থাদিক্ষিত হউক না কেন, সমবাদ্ধে নবমীর দিন যেমন পশুব্ধ হয় সেইরূপ তাহাদিগকে বিনাযুদ্ধেই বধ করিব।
তবে একথাও বলি, নগরে নিশ্চেট হয়ে থাকা অপেক্ষা
শক্তরে আক্রমণ করাই যুক্তিযুক্ত,—মহারাজের যেরূপ
আজ্ঞা হয়।

ন্ধজা। সেনাপতি। তুমি আজই হুর্গমধ্যে ঘোষণা কর, কলা প্রাতেই কান্যকুজ অভিমুখে যাত্রা করিতে হইবে।—মন্ত্রি, তোমার রণস্থলে যাবার কোন প্রয়োজন নাই—এইখানে থাকিয়া রাজকার্য্য সমুদ্য যথাযোগ্য সম্পাদন কর। মা আপনি, শুরুদের ও পুরোহিত মহাশয়কে আনয়ন করিয়া • মাজল্য হোম জপাদির অনুষ্ঠান করুন আমরা কল্যই যাত্রা কবিব।

প্রতিহাবীর প্রবেশ।

প্রতি। মহারাজ ! এই নগরের হুইজন সম্ভ্রান্ত লোক মহারাজের সাক্ষাৎকার লাভের অভিলাবে দ্বারে দণ্ডার-মান আছেন।

সেনাপতি। অনুমতি হয় ত আমি এক্ষণে বিদায় হই – সমুদায় উদ্যোগ কর্ত্তে হবে।

রাজা। এক্ষণে এস। সাবধান। যেন কোন বিষয় ভুল না হয়। (সেনাপতির প্রস্থান) প্রতিহারি। আচ্ছা তুমি তাঁদের সঙ্গে লয়ে শীঘ্র এস।

[পতিতপাবন ও মদনমোহনের প্রবেশ]

রাজা। আপনার নিবাস কোথা १—

পতি । মহারাজের অধীনস্থ প্রজা,—এই মগথেই আমার বাস, ৺ক্তবর্মার জ্যেষ্ঠ পুত্র, যিনি এক সমরে হত পুজা মহারাজের অনুগ্রহে মগথের সেনাপতি ছিলেন।

রাজা। আপনাব নিবাস বোধা ?

- মদন। আজ্ঞা—এই মগধে আমারও বাদ; কৃতবর্মার পুত্র এবং ভাঁহার উত্তরাধিকারী।
- রাজা। উনি জ্যেষ্ঠ আর আপনি উত্তরাধিকারী তবে বোধ হয় আপনারা উভয়ে একমাতার পর্ভজাত না হবেন।
- পতিত। আমরা উত্য়ে যে একজনের গর্ভকাত তার আম সন্দেহ নাই, কিন্তু আমাদিগের উত্য়ের পিতা যে একজন তা আমি কি করে বল্বো ? সে বিষয়ের যাথার্থ্য নির্ণয়ের জন্য আমি প্রমেশ্বরের উপর কিয়া আমার মাতার উপর ভার।পূন কর্ত্তে পারি।
- রোহিণী। তুমি অত্যন্ত পাপী। তুমি এই রাজ সভার অনা-য়াসে তোমার গর্ভধারিণীর নিন্দাবাদ কচ্ছো ?—
- পতিত। আজে আমি ? মাতার নিন্দার আমার কোন প্রয়োজনই নাই, আমার এই ভ্রাতারই উদ্দেশ্য তাই, কারণ উনি যদি এইটি সপ্রমাণ কর্ত্তে পারেন তাহলে
- আমার মৃত পিতার যে দশসহতা মুদ্রা বার্ষিকী আয়
 আছে তা হতে আমাকে একেবারেই বঞ্জিত করেন—
 পরমেশ্বর আমার প্রকনীয়া মাতার মান্য রক্ষা করুন।
- রাজা। আচ্ছা কনিষ্ঠ হয়ে যে উনি তোমার পিতার বিষয়ে ্ সম্পূর্ণ দাওয়া কচ্চেন তার কারণ কি ?
- পৃতিত। আমি কিছুই জানিনা ভগবান বলতে পারেন, তবে এই পর্যান্ত জানি যে মদনমোহন একদিন আমায় জারজ অপবাদ দিয়াহিল—অধিক আর কি বল্ব আপনারাই

বিচার করুন আমাদিগের অঙ্গদোষ্ঠিব ও মুখন্তীতে কার আমার পিতার প্রতিমৃত্তির অনেক সাদৃশ্য আছে ? হে পিতঃ কুতবর্মা আমি তোমাকে ও পরমেশ্বরকে ধন্যবাদ করি যে তোমার মত আমার মুখঞ্জী হয় নি।

- রাজা। প্রমেশ্বর আজ ভাল এক পাগলের পালায় । ফেলেছেন।
- রাজা। আমি ভাল করে পরীক্ষা করেছি এবং সম্পূর্ণ বোধ হচ্ছে যে এ ব্যক্তি দাদা মহাশরেরই পুত্র। ওহে তুমি কেন তোমার জ্যেষ্ঠকে তোমার পিতার বিষয়ের অংশ প্রদানে অসমত ?
- পতিত। মহারাজ ! কারণ ওঁর পিতার ন্যায় চেহারা তাও কিন্তু ঠিক নয়।
- মদন। আমার যথন যোড়শ বৎসর বয়স আমার পিতা একদিন আমাকে ওঁর অবর্ত্তমানে কতবগুলি কথা বলেছিলেন।
- পতিত। এই বল্যেই ভাই তুমি যে সৰ বিষয় পাবে তা কখন হতে পারে না তোমার মার কিছু অবশ্যই বলুতে হবে।
- মদন। মহারাজ, পিতা আমায় বলেছিলেন যে উনি তাঁহার প্রকৃত পুল্ল নন—মৃত মহারাজের দাদীপুত্র, তাঁহারই

আদেশ ক্রমে আমার পিতা ওঁকে পালন করেছিলেন মাত্র—তবে উনি অপা বয়স অবধি আমার মার কাছে থাকেনে বলে তাঁহাকেই মা বলে ডাকেন, এবং সে সময়ে তাঁহার সন্তানাদি না থাকায় তিনিও যথোচিত ক্ষেহ করিতেন এবং এখনও করেন—আর আমার পিতাকেও পিতা বলে ডাক্তেন, এই পর্যান্ত ওঁর দাওয়া এবং আমার বক্তব্য, এখন মহারাজের বিচারে যাহা হয় তাই করুন।

রাজা। যখন তোমার পিতার কোন ইচ্ছাপত নাই, অথবা তাঁহার মৃত্যুকালীন কোন ভদ্রলোকের সমক্ষে তোমার কথামত কোন রূপ কথাই তাঁহার মুখ হইতে নিস্তুত হয় নাই; তখন আমার বিবেচনা হয় তোমার জ্যেষ্ঠ ভ্রাভা পালকপুত্রই হউন আর পোষ্যপুত্রই হউন, মগধের রীতি অনুসারে, উনি তোমার পিতার ঐশ্বর্যের যথার্থ উত্তরা-ধিকারী; তবে তুমি কনিষ্ঠ বলে যে নিভান্তই বঞ্চিত হবে এমন নয়—ভোমার পৈতৃক বিষয়ের বার্ষিক আয় কত ? পতিত। সোগ্রহে) দশসহত্র মুদ্রা।

রাজা।—মগধের এই রূপ রাজনিয়ম যে ইতর লোকের
সন্তানাদি পৈতৃক বিষয়ের সমান অংশ পায়, কিন্তু
উচ্চ শ্রেণীস্থ লোকের পৈতৃক বৈভব জ্যেষ্ঠপুত্রই কেবল
প্রাপ্ত হয়, সেই নিয়মানুসারে আমার মতে জ্যেষ্ঠ বার্ষিক
সাতসহত্র এবং কনিষ্ঠ কেবল জীবিকা নির্কাহের জন্য
বার্ষিক তিন সহত্র মুদ্রা পাইতে পারেন।

- মদন। আপনি আমাদিগের পিতার স্বরূপ, মগধের অধীশ্বর আপনার বিচার কথন অবিচার নয়, তবে অনুগ্রহ করে আমার পিত। স্ত্যুকালীন যে ইচ্ছাপত্র করে গেছেন, যদি দেখেন তথন কিরূপ বিচার করেন তাহা বলিতে পারিনা (পত্র প্রদান) এই আমার পিতার ইচ্ছাপত্র।
- রাজা। (পত্রগ্রহণ ও পাঠ, আচ্ছা ইচ্ছাপত্রে কেহ সাক্ষী নাই কেন ? যথন ইহা লেখা হয় তখন তুমি তথায় উপ– স্থিত ২িলে ?
- মদন। ছিলান, সে সময় আমি এবং আমার পূজনীয়। মাতা ঠাকুরাণী ভিন্ন আর কেহ উপস্থিত ছিল না।
- পৃতিত। তুমি আর আমার স্বন্ত নফ করিতে পার না যখন মহারাজ আজ্ঞা করেছেন।
- রোহিণী। আচ্ছা পতিতপাবন, তুমি ক্তবর্মার পুত্র হতে চাও না মৃত মগবেশবের দাদীপুত্র হতে চাও।
- পতিত। (ক্ষণেক মৌনভাবে অবস্থিতি) মা, যদ্যপি আমার আভার আমার মত আকৃতি হত, এবং আমার ভাহার মত আকৃতি হত, আর আমার এই হুই পদ অশ্ব অপেক্ষাও অধিক বেগগামী হত, হুই হস্ত কার্ত্তবীর্য্যের অপেক্ষা বলশালী হত, তা হলেও আমি আর তাহার প্রার্থনা করিতাম না। বার্ষিক দশ হাজার টাকা পেলে হবে কি প্রেহারা দেখলে অঙ্গ জল, দিনের বেলা পথে বেরোবার যো নাই কাকে ঠোক্রাবে। মা, আমার মন ত কোন

মতেই কৃতবর্দ্মার পুত্র হতে চায় না, আমি বেশ করে বিবেচনা করে দেখ লেম।—

রোহিনী। আমি তোমার কথায় অত্যন্ত সম্ভূট হইয়াছি,
তুমি তোমার পৈতৃক বিভবের মায়া পরিত্যাগ কর,
সম্পূতি কল্যই আমরা কান্যক্জে যুদ্ধযাত্রা করিব,
আমাদের সহিত চল তোমার ভাল হইবে।

পতিত। (সাহলাদে) ভাই তোমার পিতার যে বিষয়াদি আছে,
তুমি দে সকল পুথে সম্ভোগ কব, আমি কিছুই চাইনা,
আমি অদৃটের উপব নির্ভর করিয়া থাকিব। তোমার
মুখের আরুতির গুণে আজ তুমি দশ সহস্র টাকা বার্ষিক
আয় পেলে, কিন্তু ও পোড়ার মুখের ছবির সিকি পয়সাও
দাম নয়। মা আমি প্রতিজ্ঞা করিতেছি য্মালয়েও
আপনার অনুগামী হব।

রোহিণী। যমালয়ে তুমি আমার অনুগামী হবে কিয়া আমি তোমার অনুগামিনী হব তা নিশ্চয় বলা যায় না।

রাজা। তোমার নামটী কি বল্লে ?

প্রতি। আজ্ঞা আমার নাম প্রতিত্পাবন এবং আমি ঐ নামেই খ্যাত।

রাজা। আজ অবধি তুমি মগধ রাজসভার সভা হলে,
এবং জীবিকা নির্বাহের জন্য বাৎস্ত্রিক বিশ সহজ্ঞ
কুদ্রা মগধ রাজকোষ হইতে প্রাপ্ত হইবে, আর
রাজ প্রাসাদের অন্তি দুরে হোমার বাস গৃহ প্রস্তুত
হইবে।

রোহিণী। তুমি জান আমি তোমার পিতামহী আজে অবধি আমায় তাই বলে সম্বোধন কোরো।

পতিত। যাও ভাই তুমি এক্ষণে বিদায় হও তোমার দাবি দাওয়া সমুদায় নিষ্পত্তি হল, তোমার অদৃষ্টে ধন আর আমার অদৃট্টে মান্য, বিধাতার ঈপ্সিত কেহই থণ্ডন করিতে পারে না, ভাই তবে এক্ষণে এস (হস্ত চুম্বন)

(পতিত পাবন ভিন্ন সকলের প্রস্থান)

(স্বগত) কি মজাই হল, লোকে কথায় বলে "মান্বে দিলে কুলোয় না, আর দেবতায় দিলে ফুবোয় না। বিবাহের সম্বন্ধে ঘটক হয়ে এসে নিজের বিবাহ হযে পেল। হাহাহাবিশ সহতম মুদা! কৃতবর্দার বাবারও এমন সুখ্হয় নি কেউ স্বপ্নে রাজা হতে পায় না, আর আমি মকৰ্দ্দমা কত্তে এদে রাজপুত্র হয়ে গেলেম, হা হা হা বিশ সহত্র মুদ্র। ? মগধরাজসভার সভ্য হলেম, ভাগ্গিস কুতবর্মার মত মুখ হয়নি! (পরিক্রমণ করিয়া) লোকের অবস্থা উন্নত হলেই মেজাজও বড় হয়। কাজেই আমার মেজাজ বেড়ে গেল। আমি জানি তার নাম রাম কিন্তু ধিনিক্ষণ বলে ডাকবো—কাল এঁরা যুদ্ধ যাত্রা করবেন আমাকেও আমাদের এঁদের সঙ্গে যেতে হবে, মনে হলেই ইচ্ছা হয় এক দেবিড়ে মার কাছে পালিয়ে যাই, বাবা যুদ্ধ করা কি আমার পোষায় ? কিন্তু আবাব তাও বা বলি কেমন করে, যদি ক্রতবর্মার ছেলে হই তাহলে কৃতবর্মা সেনাপতিছিলেন, আর যদি

বলি, রাজ-ভরাদ-জাত তা আমার হুইদিকেই সমান, সমান হলে হবে कि ? यथन क्क्त प्रिथ लहे ভয়ে মরি, তখন যুদ্ধের অস্ত্রাদি দেখলে যে মূচ্ছ'৷ যাব তার কি আর সন্দেহ আছে ৷ আচ্ছা চোকে কাপড় বেঁদে কি যুদ্ধ কবা যায় না / তাছলেও বা একবার না হয় যুদ্ধ করি---ভরয়ালের চকমকানিতো কিছুতেই চক্ষে সহ্য হবে না— যুদ্ধও নানা প্রকাব আহে। আচ্ছা, আমি যদি বাক্যুদ্ধ করি তাহলে কি আমায় নেবে না ? যোদ্ধার ত এমন রীতিনয়, যে, যে অত্তেপারদর্শী সে সেই অত্তে যুদ্ধ क्तिर्दर्भ व्य भि भश्तिशंखरक वरल करण वाक्युम्नरे कर्त्र দেটা আমার ভারি রপ্ত আহে—আমি মহাবা**জকে** স্পাউই ভেলে বলব্ যে আমি অস্ত্র যুদ্ধে বড় পটু **নই।** গালাগাল দিয়ে আমি যে কাজ করব, লোকে পাশুপতাম্থে তার মিকির মিকিও কর্ত্তে পারবে না। যুদ্ধ ত এক রকম ফতে কংগ গেল। এখন অবধি আমার স্বভাবটা বদলাতে হবে। মহারাজ বলেছেন বিশসহত্র মুদ্রা বার্ষিক রুত্তি দেবেন, এ রকম স্বভাব থাক্লে প্ৰিতপাৰ্ব আকাশ থেকে পলেন, ওদিকে কৃত্ৰৰ্মা বাপ ঘুচে গেছে শেষবালে ভাঁভিকুল বৈঞ্বকুল হদিক না যার, যাওয়া যাক আব ভাবলে কি হবে, কালত যুদ্ধ-থাতা বতিই হবে, গোলে মালে চণ্ডীপাঠ করে বেড়াব যুদ্ধের কাছেও যাবনা (পরিক্রমণ করিতে করিতে প্রস্থান)

দিতীয় অঙ্ক।

मग४-इर्गलाहीत्वत ममुथ।

বাজা প্রতাপাদিত্য, তাঁখাব পুত্র শশিশেশব, বিদ্যাবতী, প্রমথনাথ ও শূবেদ সিংহ আনীন।

শশি। প্রমথনাথ, তোমার পিতা ভূপতিদিগের মুখোজ্বল করিতেছিলেন—তাঁহার জীবন সমযে পৃথিবীতলে এমন কোন বীব পুরুষ ছিলনা যে সমুখ রণে তাঁহার প্রতাপ সহ্যকরে—তুমি তাঁহারই পুল্র, তিনি তৎসাময়িক ভূপাল-দিগের মধ্যে যথার্থ ন্যায়পবায়ণ ছিলেন, প্রজারঞ্জনামু-রোধে তিনি আপন অমূল্য জীবনরত্ন প্রদানে দঙ্কু চিত হন নাই। আর তোমার পিত্ব্য ছুরাত্মা অংশুমান রাজশোণিতে জন্মগ্রহণ বরিয়া রাজ্যলোভে অনায়াসে অপ্রাপ্তবয়ক লাতুষ্পুল্রকে পিত্রাজ্য হতে বঞ্চিত করিল—আমার প্রাণ পর্যন্ত পণ তোমাকে তোমাব পিতৃসিংহাসন প্রদান করিব।

প্রমথ। আমার আর কেছই নাই আমি পিতৃহীন—কান্য-কুজ্জই আমার সম্পূর্ণ আশা, আপনাবা আমার প্রতি অনুগ্রহ না কবিলে আর কে করিবে ?

শশি। প্রমথনাথ ভাই আমি ভোমার শিফীচারে যৎপ্রো-নাস্তি সম্ভট হয়েছি তোমার উপকারার্থে কে না অস্ত্র গ্রহণ করিবে?

- শ্রেক্র। আমি প্রতিজ্ঞা করিতেছি যতদিন আমি তোমাকে মগধের সিংহাসনে বসাইতে না পারি, তত দিন স্বদেশে ফিরিব না এবং আমার এই সেনানী-পরিচ্ছদও পরি-ত্যাগ করিব না।
- বিদ্যা। পরমেশ্বরের নিকট প্রার্থনা করি আপনার। দীর্ঘায়ু
 হয়ে নিবাপদে থাকুন। (সরোদনে) বিধাতা আমার
 প্রমথনাথকে অবনিমগুলে সহায়হীন করেছেন, আপনার।
 ফে পর্যান্ত সাহায্য করিতেছেন জন্মদাতা জনকও এরপ
 করেন না। প্রমেশ্ব রূপাকটাক্ষেরক্ষা করুন, অধিনীর
 আর কেইই নাই—
- শূরেন্দ্র ।—পরমে র এখনও যে অংশুণানের মন্তকে বজ্জপাত কবিলেন না এই আশচর্যা, জগতে এমন কেহ্ই
 মমতা শূন্য নাই যে এ সংগ্রামে সহায়তা না বারে।
- প্রতাপ।—শশিশেথর সকলে প্রস্তত হও আর অপেকা করিবার সময় নাই, অগ্রে আপনাদিগের কার্য্য সমাধা কব—কি জানি যদি শক্র এই দণ্ডেই এই স্থানে উপস্থিত হয়
- ্বিদ্যা |— আমাদিগেব দুতের আ্গমন প্রতীক্ষা করা আব-শ্যক-—দূতপ্রমুখাৎ সকল সংবাদ অবপত হইয়া তার পর যাত্রা করিলে তাল হয় না ?

(দূতের প্রবেশ)

वह य।

প্রভাপ।—কি আশ্চর্যা। নিশ্চরই বিধাতা আমাদিগেব প্রতি

স্প্রসন্ন, বিদ্যা তী এই মুহুর্তে দূতের আগমন প্রতীকা ব বিতে হিল (দূতের প্রতি) তবে মগধেব সংবাদ কি? দূত। মহারাজ আপাতত প্রত্যাগ্যন করুন, পরে সংগ্রাম সহিষ্ণু এবং পূর্ণ সংখ্যা অনীকিনি লইয়া সংগ্রামে আগমন করিবেন—মগধরাজ আনার দৌত্যে একবাবে কোথে অধীৰ হইয়া স্বরং রণ-পরিচ্ছদ প্ৰিধান ক্রিলেন এবং আমি বোধ করি উাহার৷ আগতপ্রায়, ভাঁহাৰ দৈন্য সমুদাৰ স্থানিক্ত, অসংখ্য এবং বিজয়ী, ভাঁহার সমভিব্যাহারের স্থপরিনামদর্শিনী আর্ঘ্যা রোহিণী দেবীও আদিতেছেন এবং তাঁহাব ভাগিনেয়ী বিশ্ববিশেহিনী আব হত মগধবাজের প্রম বুদ্ধিজীবী দাদীপুত্তও আদিতে:—নগধের দেনার কথা আব কি বলিব স্বয়ং দেবরাজ মঘবান সময়ে পরাঙ্মুখ হন! এবং সাহদের কথা কি বলিব তাহারা যমকেও ভয় বারে না, প্রতি নিয়তই বাহ্বাস্ফোটন ব্যরিতেছে ও উল্লৈঃ-স্বরে নির্ভয়ে কান্যকুজপতিকে যুদ্ধে আহ্বান করিতেছে— আমার দে)ত্যের সকল বনিলাম মহারাজেব যদৃচ্ছা করুন। তাহারা আগ ভগ্রায়, উপেক্ষা করিবার সময় নাই। প্রতাপ।—ওহো-হো-হো কি কর। যায় স্বদুটে যাই থাক

এই বলেই যুদ্ধ করিব।

শূরেক্র।—সাহসে কি না হয় ? বলবান ভীরু অপেক্ষা মাংসী ছুর্বল মাননীয়, মগধদেনা যেরূপ হউক না কেন সংগ্রামে তাহাবা আমাদিগের বলবীয়্য অবগত হইবে।

(মগবাধিপতি অংশুমান, রোহিণী দেবী, বিশ্ববিমোহিনী, পতিতপাবন, মন্ত্রী ও সৈন্যগণের প্রবেশ)

অংশু। যদ্যপি কান্যকুজপতি আমাদিগকে বন্ধুরূপে প্রবেশ করিতে দেন ভাল; নচেৎ জানিবেন পরমেশ্বর আজ আমাদিগকে যমরাজের পদে অভিষিক্ত করি-য়াছেন।

প্রতাপ। কান্যকুজের সহিত মগধের সম্পর্ক দূর নহে, মগধিক আমরা স্নেহ করি এবং সেই মগধেরই অসুরোধে এই বিপুল অস্ত্র-শস্ত্র-সমাকুল সেনা সমেত আগমন করি-রাছি। আগনি মগধের প্রকৃত অবীশ্বকে তাহার বাল্যা-বাস্থাপ্রস্তুত রাজ্যচ্যুত করিবাছেন, এই দেখুন আপনার ভাতুপ্রভ প্রমথনাথ সেনামধ্যে বিচরণ করিতেছে—মগধে আপনার জ্যেষ্ঠ ভাতা অধীশ্বছিলেন, প্রমথনাথ উাহাব পুত্র, মগধরাজ্যে প্রমথনাথ স্বত্রবান—আমি কশ্ববের নাম উচ্চারণ করিতেছি বলুন আপনি কি প্রকারে মগধের অধীশ্বর ইলেন ?

আংশু। কান্যকুক্তপতি কাহাব প্রমুখাং এই রূপ শুনিয়া-হেন ? এবং যুদ্ধোদ্যম কেন ?

প্রতাপ। সেই অনাদি অনন্ত ব্রদ্ধাগুনাথ যাঁহার স্থাটি মধ্যে জীবগণ বাদ করিতেছে, মাঁহার রাজ্যে অবিচার নাই;
যিনি একাকী এই অসংখ্য প্রাণিসমাকুল সমগ্র ধরামণ্ডানের আধিপত্য করিতেত্বেন ভাঁহার ইচ্ছায় আজ্ঞান্ত্রা

M - UNZ

আংশু। কি আশ্চর্য্য, আপনারা অন্যায় বিচার করিয়ান্তেন। প্রতাপ। মার্জ্জনা করিবেন কান্যকুজে অবিচার নাই, মগধের অবিচারে প্রকৃতি পাপিনী।

রোহিণী। কান্যকুজ্ঞপতি। কে দে অবিচারী ?

বিদ্যা। আমি ইহার প্রভাতর প্রদান করিব। তোমার প্রিয় পুত্র।

রোহিণী। বিদ্যাবতী ক্ষাত হও তুমি কি আশাকর যে তোমার জারজ পুত্র মগধের অধীশ্বর হইবে। আর তুমি রাজমাতা হইয়া বস্থার। শাসন করিবে ?

বিদ্যা। ইহলোকে পতি মানসমন্দিরে পরমারাধ্য দেবতা—
সতীর কণ্ঠবত্ব জীবনেব জীবন, যে নারী সাবিত্রী-ধর্ম
বিবর্জ্জিত সে যদি ত্রিদীবধামের স্থরস্করী হয় তথাপি
স্থানিত। আমি পরমেশ্বর প্রত্যক্ষে শপথ কবিয়া
বলিতে পারি যে জ্ঞানে কখনই কুপথে পদার্পনি করি
নাই। রফি হইতে জল, অমি হইতে অমি স্বভাবিক
একরূপই হয়, আমার পুত্র জারজ! আমি বোধ করি
তাহার জনকের জন্মও উদুশ আশংসয় নয়।

শূরেন্দ্র। আপনার। কেন উভয়ে অকারণ বাক্বিত্তা ক্রিতেছেন ?

পতিত। এই যে মড়ল মহাশয় মাথায় পাগ বেঁধে এসে হেন। প্রতাপ। শশিশেখর, এখন আমাদের কর্ত্তব্য কি তাহা ' ভিয়েকর।

শশি। মূর্থ ও জ্রীলোকদিগেব মতে স্থিবতা নাই, আমা-

দিগের যেই কথা সেই কার্য্য যুদ্ধ করিতে আসিয়াছি যুদ্ধ
করিব (মগধ দেশধিপতির প্রতি) রাজন প্রমথনাথের
স্বপক্ষে আপনার নিকট হইতে মগধ, কেতকিপুর,
জমুদ্বীপ, গয়া এবং সমগ্র বেহার রাজ্য প্রার্থনা করি—
আপনি এই সমস্ত প্রদান করিবেন কি না ?

অংশু। নশ্বর জীবন চিরস্থায়ী নয় একদিন অবশাই
লয় প্রাপ্ত ইইবে। কান্যকুজ আমার পক্ষে তৃণতুলা,
প্রমথ নাথকৈ আমার হস্তে প্রদান করন, ভীরু কান্যকুজ
যাহা কথন স্বপ্নেও জয় করিতে পারে নাই আজ আমি
স্বইচ্ছায় তাহা প্রদান করিব—আমার প্রিয় ভ্রাতৃপ্পু ত্রকে
আমার দিন।

রোহিণী। প্রমথনাথ, দাদা এস ভাই আমার কাছে এস।
বিদ্যা। যাও তোমার পিতামহীর কাছে যাও, তোমার
রাজ্য ভাঁহার পুত্রকে প্রদান কর তিনি তোমাকে তাহার
বিনিময়ে উত্তম উত্তম কোতুক পূর্ণ দ্রব্য দিবেন—
আহা। অত্যন্ত স্থেহময়ী পিতামহী।

প্রমথ। জননী ক্ষান্ত হন, আমি পূজ্য পিতামহীর ক্ষেষ্ট্র বিশেষ অবগত আছি (সরোদনে) জননী আমি আজী বন হুঃখভোগ করিতেছি বিধাতা আমার ভাগ্যে সুখ লেখেন নাই। এ জীবন রুথা, এদেহের পতন ভিন্ন সুখ কখনই নাই।

রোহিণী। আহা! পাপিনী প্রস্থতীর অপ্রিয় বাক্যে বালক কাঁদিতেছে।

- বিদ্যা। মাতার বচনে রোদন করিতেছেনা, পিতামহীর ব্যবহারে নয়নে নদীজোত বহিল। (সজোধে) আর তোমাদের
 রক্ষা নাই, অবিলয়েই বিনই হইবে। বিধাতা সহায়হীন
 বিধবার প্রতি অবশ্যই মুখতুলে চাইবেন। ধরণীতে
 ধর্ম অদ্যাপি বিলুপ্ত হয় নাই ও কখনই হইবেনা, ধর্মের
 সুক্ষনগতি, অবশ্য জয় হইবে——
- রোহ্বি। রাক্ষসি, পাপিবসী, তুমি আপনার কর্মদোষে ছঃখ পাও, ধর্মের দোষ দাও কেন ?
- বিদ্যা। আমি পাপিরসী নচেৎ কেন এত হঃখপাই কিন্ত তোমাব পাপেব ইয়ত। নাই, তুমি বালকের সর্বস্থ অপহ্বণ কবিয়াছ তোমার পাপে আমার পুত্র এত কট পাইতেছে।
- বোহিণী। আমাবজন্য তোমার পুত্র হুংখভোগ করিবে
 কেন ? পিতামাতাব গাগে সন্তানে কউপার, ভূপতিব
 পাপে প্রকৃতিপুঞ্জ হু,গভোগ কবিরা থাকে '—পাপিনী,
 তুমি কি জাননা তোনার পতিব ইচ্ছাপত্র আমার
 নিকট আছে ? স্বোতস্বতী সাগরমুখে থার— স্ত্যুকালে মনুবার সোদর সদৃশ আল্লীয়বর্গকে মনে পড়ে,
 পত্নীর প্রতি স্নেহ তাদৃশ বলবতী থাকে না—যদি বল
 তুমি পুত্রবতী ? স্নেহ পুত্র অপেক্ষা অন্যে অবিক হয় না,
 সে কথা যথার্থ কিন্তু যে ঔবসজাত পুত্রে— তুমি স্বেচ্ছা—
 চারিণী তোমার পুত্র জারজ, তাহাতে স্নেহ হইবে কেন ?
 বরং স্ত্যুকালে পত্নীকৃত পাপাচরণ স্মরণ করিয়া

অন্তর স্ত্যু-যন্ত্রণা অপেক্ষা অধিকতর দগ্ধ হয় আমি নিশ্চয় বলিতেছি এই সকল জানিয়াই ভোমার পতি স্বইচ্ছায় অংশুমানকে তাঁহাব স্বরাজ্য দান করিয়া যান। বিদ্যা। (সরোদনে) হা বিধাত। আমি বিধ্বা, নবীন যৌবনে বিধবা। হা প্রাণেশ্বব, তুমি কোথায়, একবার আসিয়া দেখ তোমার প্রেমপাগলিনী বিদ্যাবতী বিষাদে আর জীবন ধারণে অক্ষম। তোমার ভবসন্ধাত পুত্রকে তোমার পূজ্যা জননী জাবজ বলিতেছেন। আমি পাপিনী, আমাব প্রাণ বধ হউক আমি অনায়াদে তাহা সহ্য করিতে পারি, কিন্তু আমার প্রাণপতির পূজনীয়া জননীব মুখে এতাদৃশ কটু বাক্য শ্রবণ কবিয়া আর এক মুহূর্ত্ত এই পাপ পৃথিধীতে থাকিতে ইচ্ছা কবে ন।। রাজ্যে আমার অপবাদ ঘোষিত হউক, সমগ্র ভারতবর্ষে হউক, অন্ধাণ্ডের আবালর্দ্ধবনিতা সকলে আমাব নিন্দা করুক তাহাতে ক্ষতি কি ? (রোহিণীর প্রতি) তুমি যে একখানি ইচ্ছাপত্র প্রস্তুত করিবে, তাহা আমি বহুকাল জানি, অনাথিনীব পুত্রকে প্রবঞ্চনা সকলেই করিতে পারে, প্রাণেশ্বর জীবিত থাকিলে আমি আজ কাহারও সাহায্য প্রার্থনা করিতাম না—জগদীশ্বর অবশ্যই ইহার সমুচিত দণ্ড বিধান করিবেন, আমি অবলা অনাথিনী আমার আর কে আছে ?

প্রতাপ ৷—ক্ষান্ত হউন, আপনারা যে ঈদৃশ ইতরজনোচিত—
কলহ করেন দেখিলে হঃখ হয়, ঐ শুরুন জনপদ–

বাসী প্রকৃতিপুঞ্জ তোরণ স্মীপে ভেরিধনি করিতেছে— উহাদিগকে জিজ্ঞাসা করা যাক্, কাহাকে রাজপদে প্রতিষ্ঠিত করিতে উহাদিগের ইচ্ছা ?

(নাগরিকদ্বয়ের প্রবেশ)

- প্র-না। আপনারা আমাদের নগবে কেন এতাদৃশ উপদ্রব করিতেছেন ?
- প্রতাপ।—আমরা কান্যকুক্তবাদী মগধেব জন্যই সেনা দহিত যুদ্ধবেশে আহ্ত।
- আংশু।—হে মগধবাসী মহোদয়গণ, আমি তোমাদিগকে
 পুত্র নির্বিশেষে পালন করিষা আাদিতেছি এবং তোমাদিগের নিরুপদ্রবে রাখিবার জন্য কান্যকৃক্তপতিব
 বিরুদ্ধে নগর হইতে রণবেশে বাহির হইয়াছি।
- প্রতাপ।-—হে মগধদেশবাসী ভদ্রকুলোদ্ভব সম্ভ্রান্ত ব্যক্তিগণ তোমরা প্রমথনাথের যথার্থ প্রজা এবং সেই প্রমথ-নাথের পক্ষসমর্থনার্থে তোমাদিগকে আহ্বান করিয়াছি।
- আং শু ।— মগধের উপকারের জন্য আনার কথা অগ্রে শ্রবন
 কর, এই যে আমাদের নগর সম্মুখে উজ্জীয়মান
 পতাকা পুঞ্জ নিবীক্ষণ করিতেছ এসকল কান্যকুজ্ঞপতির,
 আমাদিগের ধংশের জন্যই কান্যকুজ্ঞ সমাগত, তোমাদিগের রক্তন্তোত প্রবাহিত করিতে কান্যকুজ্ঞ জয়নির্ঘোষ ও ধনুউস্কার করিতেছে; প্রতরাং আমি কি রূপে
 নিশ্তিত্ত থাকি ? প্রজার সর্কাঙ্গীন প্রধারেষণ করাই
 নৃপতির কর্ত্বিয় কর্মা, এবং সেই অনুরোধেই কান্যকুজ্ঞের

দমন জন্য মর্ণ সংক্রপ হইয়া সংগ্রামে আগমন করিয়াছি, এ নশ্বর জীবন রূপা একদিন অবশাই ঈশ্বরে লীন হইবে, স্বদেশোদ্ধার নিমিত্ত যদ্পি দেহপত্ৰ इत्र रम ७ व्योर्थ नीत्र ; किन्छ जेषृत्र वर्षाना कार्र्या जीवरन মমতা করা কাপুরুষের কাজ—আমি জীবিত থাকিব অথচ প্রজাগণ উপদ্রব শৃন্য হইবে না,-তবে সে জীবনে প্রয়োজন ? আমি এই অন্ত স্পর্শ করিয়া প্রতিজ্ঞা করিতেছি যে দেহপতন হউক তথাপি মগধের মান বক্ষা করিব। হে বিনরী ও শান্তস্বভাব প্রজা-রন্দ। তোমাবা আমাকে নগরে প্রবেশ করিতে দাও। প্রতাপ।—অংশুমানের রাজ্যভার গ্রহণের অব্যবহিত পূর্বে কে এই রাজ্যের অধ। খর িংল ? বারেন্দ্র দিংহকি তোম।-দিগকে দ্বাবিংশতি বৎসর অপত্যনির্বিশেষে পালন করেন নাই ? উ,হার পালনে তোমরা কি সম্ভট ছিলে না ? তিনি কি তোমাদিগেব মনোরঞ্জন করিতে পারেন নাই ? তোমর। চি তাঁহার নিকট ক্লভজ্ঞতাপাশে বদ্ধ নহ? —আমি ভোমাদিগের স্বভাব উত্তমরূপ অবগত আছি তোমরা ক্রন্ন হ তবে তোমবা অদ্যাপিও ভাঁহার পুত্র শ্রীমান প্রবর্থনাথকে মগধের সিংহাদনে বসাইতেছ না কেন ? ইহলোকে সকলি অনিত্য কেবল ধর্মই একমাত্র স্ত্য-এই অনন্ত ত্রন্ধাণ্ডে স্ফির সমুদায় বস্তুর মধ্যে क्रेन्द्र अपन व धर्मारे मनुरम्द्र त्यार्थ प्राप्त मालान क्रिएए । ইতরেতর পার্থিক হুখ অপেক্ষা ইহলে কে নৈসগিক ধর্মই প্রার্থনীয়। ধর্মপথে চলিলে তাহার কখনই অনিষ্ট হয় না, সকলেরি পুরস্কার আছে ধর্মের কি পুরস্কার নাই ? অবশ্য আছে, জীবন সুখ সচ্ছন্দে যাপন করিয়া পরলোকে ত্রিদিবধামে অনন্ত সুখ ভোগে বঞ্চিত হইবে না। আর অধিক কি বলিব, যে বস্তু যাহার যথার্থ প্রাপ্য সে বস্তু তাহাকে প্রদান করিলে ধর্মসংগত হয়। আমার যাহা বক্তব্য বলিলাম এক্ষণে তোমাদের যেরূপ অভিকচি।

- প্র-না। আপাতত আমরা মগধ্রাজের প্রজা বটে, ভাঁহারি জন্য এই নগর-ভোরণ রক্ষা করিতেছি।
- অংশু।—তবে আমাকেই তোমাদিগের ভূপতি স্বীকার কর এবং দ্বার উদ্যাটন কর।
- দি-না। একণে আমরা উভয়কেই নগরে প্রবেশ করিতে দিতে পারি না, যিনি মগধের প্রকৃত অধীশ্বরত্ব সপ্রমাণ করিতে পারিবেন ভাঁহাকেই নগরে প্রবেশ করিতে দিব এবং ভাঁহাকেই রাজ সন্মান প্রদান করিব; আর জানিবেন আমরা ভাঁহারি বশম্বদ প্রজা—নচেৎ আরজ সমগ্র পৃথিবী একদিক হইলেও আমরা মগধ রাজ-তোরণে পদার্পণ করিতে নিষেধ করি।
- আংশু।—মগধের রাজমুকুট কি তাহা সপ্রমাণ করিতে পারে না ? যদি নাই পারে আমি অসংখ্য লোক দারা সাক্ষ্য প্রদান করাইতেছি—এই সন্মুখস্থ তিংশৎ সহস্র সেনা সাক্ষ্য দিবে, যাহারা মগ্রের মুখোজ্জ্বল

- করিতেছে, যাহাদের বলে মগধ স্থররুন্দকেও সমরে আহ্বান করিতে ভীত নয়।
- প্রতাপ। প্রমথনাথ একবার এই দিকে এস, হে মগধ-দেশ-বাদী মহোদয়গণ। তোমরা উত্তমরূপে বিবেচনা করিয়া দেখ অংশুমান ও প্রমথনাথ উভয়ের মধ্যে কে মগধের প্রকৃত অধীশর।
- প্র-না। (প্রতাপদিত্যের প্রতি) মহারাজ আপনিই যথার্থ
 বিচার করিয়া বলুন না কেন, কাহার স্বত্ব বলবান ?
 আমরা এই মুহূর্ত্তেই তাঁহাকে রাজপদে প্রতিষ্ঠিত
 ক্বিতেছি।
- খংশু।—পরমেশ্বর মার্জ্জনা করিবেন, আমি অকারণ এই নরশোণিতপ্রবাহী ভীষণ ভররসাত্মক সংগ্রামে প্রবৃত্ত হইতেছি না (প্রতাপাদিত্যের প্রতি) অদ্যই বৈকালে মগধের দৈন্য কান্যকুজের প্রতিকুলে যুদ্ধযাত্রা করিবে।
- প্রতাপ।—বেদ আর অধিক শুনিবার আবশ্যক নাই, দেনাপতি! আর কাল বিলয় করনা দংগ্রামে তৎপর হও !

[প্রতিপাবন ব্যতীত সকলের প্রস্থান।

গতিত। একটা ঘোড়া ভূত পাই তা হলে একবার দেখাই কেমন করে ঘোড় সোয়ার হতে হয়, দেশী ঘোড়ায় চড়া ভামার শয় না। চড়বার সময় হাসিতে২ উঠি আর নাবিবার সময় ময়া নাবি। সিংহগর্জান আমি কেবল ঘোড়ার ডাকে অনুমান করিতে পারি। সে দিন লাজ লজ্জায় পড়ে মোড়ায় চড়েছিলাম আজও সুকের গুরগুরুনী যায়নি । যুদ্ধত এক কথায় জিত্ব; না পারি জুত খুলে এমন দেছি দেব যে একেবারে অগস্তা যাত্রা। একদিন পাঁচি গয়লানীব সঙ্গে আমার ঝগ্ড়া হয়েছিল প্রথমে আমার রোক দেখে কে, হাতেই তার মাথা কাট্ডে উদ্যত, পরে সে যখন ভ্রমার করে খ্যাংরা দিয়ে রণ্বেশে বেরুল, আমি অমনি তারপর তাই তাই একেবারে বিচানায় গিয়ে হাজির, তা এ যুদ্ধে আমি ভয় করিনি। সকলের পেচনে থেকে চেঁচাব ভাবপর বেগতিক দেখি একবাবে চম্পট—আচ্ছা আগের ভাগে যদি কেঁদে ফেলি? তা হলেইত সকলে ভীরু মনে করবে, তা আমি বলিব যে আমার চকের ব্যারাম আছে। বিশ্বাস না করে নাচার——

(বাজাব প্রবেশ।)

(রাজাকে দেখিয়া মস্তক কুগুন করিতে২) মহাবাজ মন্ত্রী মহাশয় দেখানে একনা আছেন আমি কেন যাই না, তিনি রদ্ধ মানুষ একলা কি সকল বিষয় পাববেন ?

আংশু। ফি হে পতিতপাবন এই তুমি এত আক্ষালন করিতেছিলে এখন যুদ্ধের নামে এত ভয় ?

পতিত। হা! হা! হা! আমাব আবার যুদ্ধে ভয় ? কেবল গোঁসাই মত বলে বইত নয কাটাকাটি দেখা ছেড়ে মুখেও আন্তে নাই (রাজার মুখের কাছে হস্ত নাড়িয়া) যুদ্ধত এক টুদকি দিয়ে উড়িয়ে দিতে পারি, ভবে কি জানেন কাটাকাটি মাবামারি রক্তারক্তিকে বড় ভয়

- করি। পূজার সময় পাঁঠা বলিদান হয়, আমি থামের আড়ালে লুকিয়ে থাকি। একটু আঙ্গুল কাটা রক্ত দেখলে ত্রীমি ঘাই। তা মহারাজ এই সকল বাদ দিয়া কি যুদ্ধের কোন স্বিধা হয় না ?
- অশু। পতিতপাবন, আমি তোমার সম্পূর্ণ ভরসা করি
 তুমি এরপ ভীরু হইলে কি প্রকারে সংগ্রামে বিজয়ী
 হব ? আমি মনে মনে স্থির করিয়াছি, তোমায় সহকারী
 সেনাপতি পদে অভিষিক্ত করিব, তা তুমি কি বল ?
 - প্তিত। সহকাৰী কেন ? পূর সেনাপতি হতে পারি, যদি ঐ গুলিন বাদ থাকে।
- অংশু। নাহে, তাহবে না। তোমাকে সৈন্যগণের সন্মুখে থাকিতে হইবে, আর তোমার উপর ব্যুহ রচনার ভার।
 - পতিত। তা আর ভাবনা কি, আমি সব সাজিয়ে গুজিয়ে দিয়ে চলে যাব।
- অংশু। তা কি হয় হে, তোমায় সেখানে থাকিতে হইবে, কোথায় কি রূপ হয় তোমায় সমস্ত তত্ত্বাবধারণ করিতে হইবে।
- পতিত। মহাবাজ এমন জানিলে কি আর আমি এখানে আমি, কৈ বরাবর ত থাকিবার কথা হয় নি।
 দেখুন আর মুদ্ধে কাজ নাই সন্ধি করে ফেলুন—
 আপনি কিছু ছাড়ুন আর ওরাও কিছু ছেড়ে দিক।
 মহারাঞ্জ আর আমি রং রাখিতে পারিনা জঠরানল


বড় জ্বলেছে আমি এখন চলিলাম, দোহাই মহারাজের আমাকে যদি মারাই মনস্থ হয় তবে যাহা হয় করিবেন, সেখানে আমি আর একদণ্ডও বাঁচিব না। (সরোদনে) হে ভগবান মহারাজকে সুমতি দাও যাতে সজি হয় নইলে আমার গয়া গঙ্গা গদাধর।

[পতিত প্রস্থান।

অংশু। (স্বগত) আমি যে ।ক প্রকারে এই গুস্তর সমর-সাগরে কুলপ্রাপ্ত হব তার কিছুই অনুধাবন করিতে পারিতেছি না |—আমি বোধকরি একজন সামন্য ক্লুষক ও একজন ভূপতি অপেকা সর্বাংশে স্থী, কারণ তাহার অন্তঃকরণ কখন চিন্তাঅগ্নিতে স্পর্শকরিতে পায় নাই—চিন্তা যে মনুষ্যের সুখের কি প্রবল শক্র তা যাহার৷ একবার সহু করেছে তারাই স্পফ্ট পরিজ্ঞাত আছে—আমি কেন রাজ্যলোভে অন্ধ হইয়া এই লোক-বিগর্হিত ধর্মবর্জ্জিত অপরিণামদশী মূর্থেরন্যায় ভ্রাতু-ষ্পাত্রের রাজ্য হরণ করিলাম ৭ বিধাতা কেন আমার মনে এমন প্রায়শ্চিতহীন পাপে প্রবৃত্তি প্রদান করিলেন? আমার সুখের পরিসীমা থকিত না,আজ যদি প্রমথনাথকে সিংহাসনে বসাইয়া তাহার সমুদায় রাজকার্য্যের তন্তাবধান করিতাম—নয়ন মন প্রাণ সকলেরই সার্থকতা সম্পাদন হত। পুত্রহতে ভাতুষ্পুত্র মেহের কোন অংশে ন।ন নহে, আত্মপ্লানি গতানুশোচনা পাপের প্রায়শ্চিত স্বরূপ—আমার অন্তর এখন পাপ অগ্নিতে ৭ক্ষ হইতেছে

—অসহ্য—আর সয়না আমি বনে গমন করি তথায় তুষানলে এপাপ জীবন বিসর্জ্জন করে পাপের প্রায়শ্চিত্ত বিধান করিব, আমার যুদ্ধে প্রয়োজন নাই (পরিক্রমণ) কিন্তু আবার এদিকে ক্ষত্রিয়ের ভীরু অপবাদ অপেকা স্ত্যুও শ্লাঘা, আমি যদি এই মুহুর্ত্তে বনে যাই জগৎ আমায় কি বলিবে ?—কান্যকুক্ত যাহার সহিত আজীবন স্পর্দ্ধা করিয়া আসিতেখি তাহারা আজ কি বলিবে? না না বা আমি জীবন সত্ত্বে কান্যকুজের নিকট হীন হইতে পারিব না, যুদ্ধ করিব বিজয়ী হই স্বরং প্রমথনাথের হস্ত ধারণ করিয়া প্রজা ও জনপদবর্গকে রাজভবনে আহ্বান করিয়া সকলের সমক্ষে পরম আহলাদে সিংহাসনে বসাইব। যদি পরাজিত হই রণে শক্রহন্তে প্রাণ বিসর্জ্জন করিয়া সুখে স্বর্গবামে গমন করিব। জননী আমায় নিরবধি আজ্ঞা করিয়া আদি-তেছেন যে সন্ধি কর, মাতৃ আজ্ঞালজ্বন করা অপেক্ষা অবনীতে আর কি গুরুতর পাপ আছে—কিন্তু কি করি কাহার সহিত দল্ধি করিব ? হুরাত্মা প্রতাপাদিত্যের সহিত ? পামরের এতদূর স্পর্দ্ধা যে সে আমার বিপক্ষে रৈদন্য লইয়া আমার নগরে আগমন করে, শৃগাল হইয়া সিংহ বধেচ্ছা হুটের সমুচিত দণ্ড বিধান করিব, আঞ্জ আমার বিপক্ষে পৃথিবীর যাবতীয় লোক একতা ছউক, স্বয়ং শেচীনাথ সমরে স্বরসেনা লুইয়া অবনীতে অবভীর্ণ হন ততাট . আমি ভয় করিব না। আর-মার্জ্জনা!

অংশুমান মার্ক্সনা করিতে অভ্যাস করে নাই, বিপক্ষের
সহিত বিপক্ষতাচরণ করিব তাহার অন্যথা হইবে
না, (যাইতে যাইতে) দেখিব হুরাত্মা কি উপায়ে
আমায় রাজ্যভ্রুট করে, আজ প্রতাপাদিত্যের সমর—
সাধ মিটাইব। সমরাঙ্গণে হ্রাত্মার মস্তক ছেদন
করিতে পারি তবে এই অসি পুনর্কার ধারণ করিব।
প্রস্থান।



তৃতীয় স্বন্ধ।

প্রথম গর্ভাঙ্ক।

(মগধ-রাজতোরণের সমুধ i)

সমৈন্য অংশুমান, বোহিণী, বিশ্ববিমোহিনী ও পতিতপাবনেব একদিক দিয়া প্রবেশ। এবং সমৈন্য প্রতাপাদিত্য শশিশেখব ও শূরেক্ত সিংহের অন্য দিক দিয়া প্রবেশ।

শংশু। কেমন কান্যকুজপতি আপনার পক্ষে আঁর কেছ মরিতে প্রস্তুত আছে ? বলুন, এখনও আমারা অস্ত্র ত্যাগ করি নাই, কান্যকুক্তের রক্তন্তোতে নদী প্রবাহিত করিয়াছি—

- প্রতাপ। (সহাস্যে) মগ্রেশ্বর কি মনে মনে নিশ্চিত্ত
 আছেন যে আপনার পক্ষে কেছ হত বা আহত হয় নাই?
 আপনি জানিবেন কান্যকুজ অপেক্ষা মগ্রের অধিক
 ক্ষতি হইয়াছে, এবং আমি প্রতিজ্ঞা করিতেছি মগ্রেন শ্রের পতনের পূর্বে এই হস্তান্থিত অসি ত্যাগ করিব না। যমরাজের রাজধানি আজ মগ্রের কিয়া কান্য-কুজ্রের রাজশোণিতে পবিত্র হইবে।
- পতিত। (স্বগত) হে স্থাতনয় তোমাব কি প্রবল প্রতাপ রাজা প্রজা ধনী নির্দ্ধন তোমার নিকট সকলেই সমান। তোমার নাম কাল, তোমার প্রাস্ত কর'ল, সৈন্যদিগের শাণিত অস্ত্র তোমার লোহময় দন্তের কার্য্য করিতেছে। (প্রকাশ্যে) হে রাজেন্দ্র যুগল! আপনারা এমন স্তব্যিতপ্রায় দণ্ডায়মান রহিয়াছেন কেন? যুদ্ধ ঘোষণা করুন, পুনর্কার যুদ্ধক্ষেত্রে চলুন, ক্রমাগত যুদ্ধ করিজে থাকুন পরে কে বিজয়ী তাহা সম্পূর্ণরূপে সপ্রমাণিত হইবে।
- অংশু। আচ্ছা একবার দেখা যাক্না, নাগরিকেরা কাছাকে রাজশব্দে সংখ্যাধন করে।
- প্রহাপ। হে নাগরিকগণ তোমরা এখন মগধ নামে শপ্ত করিয়াবল কে মগধের প্রকৃত অধীশ্বর ?
- প্র-না। আমাদের অন্তঃকরণে ভীষণ বিভীষিকা আসিয়া

রাজত্ব করিতেছে, তাহার চু)তির পূর্ব্বে কে যে আমাদের প্রকৃত অধীশ্বর তাহা সম্পূর্ণরূপে নির্ণয় করিতে অক্ষম। অথবা যুদ্ধই ইহার মীমাংসা করিবেক।

পতিত।—আমি আমার পায় হাত দিয়া দিকি করিতে পারি এ ভ্রম্ট নাগরিকগণ আপনাদের সহিত কে তুক করিতে আসিয়াছে। নাটক অভিনয়কালে রঙ্গ ভূমির সন্মুখে দর্শকরণ যেমন অভিনেতৃদিগের মুখভঙ্গি হস্তপদাদির সঞ্চালন অথবা তাহাদিগের প্রকৃত পাগলামী দেখিয়া হাসা করে, করতালি দের, আজ নাগরিকগণ্ড সেইরপ আপনাদিগকে রণরঙ্গভূমে অবতরণ করাইরা কেত্রিক দেখিতেছে। আপনার। এক কাজ করিতে পারেন ? ক্ষণকালের জন্য শক্রতা ভুলিয়া যান, উভয় সৈন্য একত্র হইয়া বেটাদের কোতুক দেখান, বিচার নেই দোহাতি এলপাতাড়ি যাকে সামনে পাবেন তারেই কাটুন। আরে মর বেটারা হচ্চে রাজায় রাজায় যুদ্ধ পাঁচীর বেটারা এলেন কি নামধ্যস্থ হতে। (নাগরিকদিগের প্রতি) দাঁড়াও বেটারা তোমাদের ঐ পঁ।চিলের উপরে থেকে ভেংচন বার কচ্ছি--আমার প্রতাপ কি জাননা ছেলে বেলা একশ কচুগাচ এক কোপে কেটেচি, এইখান থেকে মন্ত্র পড়ে একটি বাণ ছেড়ে দেব তোমাদের যে কি হবে বলতে পারিনি, মহারাজ! আমায় অনুমতি করুন আমি গ্রায় গিয়ে বেটাদের প্রতিদে व्यामिरश ।

- ছি-না |--এ পাগলাটাকে পেলে কোথা ? তুই কেরে ধর্ত বেটাকে !
- পতিত।—দোহাই মহারাজের আমি কিছুই জানিনা আমি
 আপনার জোরে কথা কচ্ছিলেন, আমায় একলা পেয়ে
 বেটারা মার তে এসেছে,কৈ এসনা বাবা! মহারাজ, এক
 কাজ করুন ওদের সঙ্গে আপস করে ফেলুন, দেখচেন
 ত বেটাদের হাতে অস্ত্র নেই তরু এত জোর। অস্ত্রশস্ত্র
 আন্লে একবারে কুপকাত।
- অংশু । যুদ্ধই করিব, হ্রাত্মাদিগের শিক্ষা দেওয়া নিতান্ত
 আবশ্যক হইয়ােহে। কান্যকুজ্ঞপতি তবে আমরা
 সৈন্যযোজনা করি ? আদ্য মগব সমভূম করিব।
 আচ্ছা, যুদ্ধের পার কে মগধের সিংহাসনে আরোহন
 করিবে ?
- পতিত। কি, আপনারা রাজা আপনাদের কি রাজকীয় প্রতাপ নাই? আমরা সামান্য লোক নাগরিকদিগের ব্যবহারে আমাদের যেরূপ অপমান বোধ হচ্ছে
 আপনাদের বোধ হয় ততদূর হয় নাই। নচেৎ এখন
 পর্যান্ত আপনারা কি জন্য নাগরিকদিগের বিপক্ষে
 দিংহবং গমন করিতেছেন না (পরিক্রমণ করিয়া)
 আপাতত আপনারা উভয় পক্ষ এক ব্রিত হইয়া য়্টদিগের
 সমুচিত দণ্ড বিধান করুন। কেন, তারপর নয় পুনর্বার
 যুদ্ধ ক্রিবেন তাতে যিনি জয়ী হইবেন তিনিই মগধসিংহাসন প্রাপ্ত হইবেন।

- প্রতাপ। আচ্ছ। তাহাই হউক বলুন আপনারা কোনদিক আক্রমণ করিবেন ?
- অংশু। আমরা পশ্চিম দিক হইতে আক্রমণ করিয়া ধংশ করিতে আরম্ভ করিব।

শুরেক্র। আমরা উত্তর দিকে।

প্রতাপ। আমরা দক্ষিণ দিক হইতে বজ্ঞক্ষেপণ করিব।

- পতিত। (স্বগত) আহা কান্যকুজপতির কি বুদ্ধি ওঁরি
 সেনাপতি উত্তর দিকে যাবে আব উনি দক্ষিণ দিকে
 যাবেন, শেষকালে যুদ্ধটা বুঝি আপনা আপনি। কান্যকুজ্রের শিক্ষা উত্তম, এই বুদ্ধিতে উনি রাজ্যশাসন
 করেন, বিশেষ আমরাত এই চাই যা বেটারা আপনা
 আপনি যুদ্ধ করে মরগে আমরা তফাত থেকে মজা
 দেখি।
- থা-না। হে প্রতাপারিত রাজেন্দ্রগণ! কিঞ্চিৎকাল অপেক। করে আমাদিগেব পরামর্শ প্রবণ করুন। আমি আপনাদের সন্ধির পথ দেখাইয়া দি, যাহাতে উভয়, পক্ষের কোন ক্ষতি হইবে না, অথচ অসংখ্য লোকেব প্রাণ রক্ষা হইবে।

অংশু। আচ্ছাবল। আমরা প্রবণ করিতেছি।

প্র-না। বিদর্ভনগরের রাজপুত্রী বিশ্ববিমোহিনী মগথেব পরম আত্মীয়া আপনারা একবাব বিশ্ববিমে হিনীর ও শ্রীমান কুমার শশিশেখরের প্রতি দৃষ্টিপান্ত করুন। যদি সৌন্দর্য্য অন্তেষণ করেন তাহলে বিশ্ববিমোহিনী

অপেক্ষা স্থানর কোথায় পাইবেন ? যদি বিশুদ্ধা कांक्रिनी षरश्वन करत्रन विश्वविरम्भाइनी षरभक्ता शृथिवी তলে আর বিশুদ্ধা কোথায় পাইবেন ? বংশমর্যাদায়ও হীনা নহেন, কান্যকুব্জের রাজপুত্র শশিশেখর রাজ-কন্যার বিবাহের যথার্থ উপযুক্ত পাত্র, এ বিবাহ হইলে আমি বোধ করি প্রণয়ী-যুগল পরম স্থথে জীবন যাত্র। নির্বাহ করিবেক। আর পরস্পর যদি হুই সুবর্ণস্রোত-প্রবাহিণী মিলিত হইয়া একত্রে সাগর উদ্দেশে গমন করে তাহা হইলে মেই প্রবাহিণীর উভয় কুলও পবিত্র হয়। এন্থলে কান্যকুব্জ ও মগধ এই হুই রাজ্য শশি-শেখর ও বিশ্ববিমোহিনীরপ শ্রোভস্বতীর তীর ভূমি তা আমার অনুধাবন যদি আপনাদের যুক্তি সঙ্গত হয় করুন, নচেৎ আমরা ঈশ্বর দাক্ষী করিয়া শপথ করিতেছি, যে মগধের এক প্রাণীও জীবিত থাকিতে কার সাধ্য মগধে প্রবেশ করে। জানিবেন যদি পৃথিবী সলিলমগ্লা হন, ভীষণশেখর পর্বতগণ ইতন্ততঃ উড়িয়া বেড়ায়,যদি কেশরী হগ শিকারে ভয় পায়, যদি ভগবান মরীচি-মালী পশ্চিমে উদয় হন যদি বিকট-দশন কাল প্রাণিসংহারে নিরস্ত হন তথাপি আমাদের প্রতিজ্ঞা ভঙ্গ হইবার নহে।

পতিত। এ কে ! এ যে দেখতে পাই পৃথিবী পাহাড়, পর্বত সাগর প্রভৃতিকে নিষ্ঠিবনের ন্যায় মুখ হতে বাহির করি-তেছে—সিংহগর্জনে ঘেউঘেউ! যাহা অযুত স্থাশিক্ষিত যোদ্ধায় সমাধা কতে পারেনা এ যে মুখেই তাই করে।
আমি জন্মান্থিত এমন লম্বাহ কথা কখন শুনি নাই
দোহাই বাবা তোমার, তুমি একবার হাঁ কর তোমার
কটি দাঁত একবার আমি দেখ্ব—আমার জ্ঞান ছিল
আমারি মুখ সর্বস্থা, তা নর বাবার বাবা আছে। তুমি
একবার এদিকে এস তোমার শ্রীমুখের ছাঁচ তুলে
নি।

রোহিণী। (জনভিকে) পতিতপাবন এখন আমোদের
সময় নয়। তুমি শান্ত হও (অংশুমানের প্রতি) অংশুমান বৎস আমার কথা রাথ, প্রজাবর্গ যেরপ পরামর্শ
দিচ্ছে আমি বোধ করি এ অপেক্ষা উভয়পক্ষের মঙ্গল
দায়ক পরামর্শ আর কিছুই নাই। ভবিষ্যতের অক্ষকারময় গর্ভে কি আছে তাহা কেহই বলিতে পাবেনা, যুদ্ধ
হইলে যে কে বিজয়ী হইবে তাহার কোন নিশ্চয়তা নাই।
কিন্তু এ বিবাহ সম্পন্ন হইলে তোমায় রাজ্য একেবারে
নিক্ষণক হইল, তুমি ইহাতে অমত করিওনা, কান্যকুজ্ঞপতির মুথ দেখে আমার বিলক্ষণ প্রতীতি হইতেছে
যে উহার মত আছে। কার্যোদ্ধারের এই প্রকৃত সময়
কারণ ছ্ফা বিদ্যাবতী এ সংবাদ শুনিলে কেঁদে জগতের
মায়া রিদ্ধি করিবে, তবে আর বিলম্ব করনা। এ কর্ম্ম
যাহাতে সত্বর সমাধা হয় তার চেন্টা কর।

প্র-না। কৈ নরেক্রয়ুগলত বাক্যের কিছুই উত্তর প্রদান করিলেন না।

- প্রতাপ। মগণেশ্বর অত্যে উপস্থিত হয়েছেন, ওঁরি অত্যে বাক নিষ্পত্তি করা উচিত—কি বলেন ?
- অংশু। যদ্যপি কান্যকুজের রাজপুত্র আমার ভারতনরা
 বিশ্বমোহিনীর দে দিহা রাশির গৌরব রিদ্ধি করেন এবং
 ক্ষেত্র মতা করেন—তাহা হইলে আমি বিশ্ব মাহিণীর
 বিবাহে এমন যৌতৃক প্রদান করিব যাহা কোন অংশে
 এক বাজ বৈভবের ভূন হইবে না। কেতকীপুর জন্মদ্বীপ, সাবণ, রং পুব ও শীবভূম এ পঞ্চ প্রদেশ প্রদান
 কবিব আর এক বোটা স্বর্ণ মুদ্র দিব। আর এমন
 অমূল্য মনি মুক্তা খটিত প্রিদ্ধান্য করিব যে এই
 শিক্তা ধরণীমগুলে শোন রাজপুত্রীব সেরপে নাই।
 রপে গুণে বিদ্যায় শিশ্বমাহিণী অনুপ্রা।
- প্রতাপ। নাগরীকদিগের এ পরামর্শ মনদ নয় কিন্ত আপাতত হইতে পারেনা কাবন সংগ্রামে সকলেই পরিশ্রান্ত হইয়াছে।
- ্রা-না। আচ্ছা একণে সকলে বিশ্রাম লাভ করুন পরে এবিষয়ের স্থির সিদ্ধান্ত কবিবেন।

সকলের প্রস্থান।

তৃতীয় অঙ্ক।

দিতীয় গর্ভাঙ্ক।

প্রাপাদির তাব শিবিব।

বিদ্যাবতী, প্রমথনাথ ও বেযুরবাণেব প্রবেশ।

বিদ্যা। পরিণয়! যুদ্ধের বিনিময়ে পবিণয়। শক্রভাবে আগমন করে মিত্রতা স্থাপন, এই কঠিন সময়ে সন্ধি, এ কখনই হইতে পারেনা, আপনি আমায় বল্ছেন, কিন্তু আমার কোন মতেই বিশ্ব হচ্চেনা, আমি অনুমান করি আপনার শুনিবাব ভুল হইয়াছে।

কেয়্র। এই কথা আপনি যে পরিমাণে অবিশ্বাস করিতে-ছেন ইহা সেই পরিমাণে সতা।

বিদ্যা। আপনি যদ্যপি এই অপ্রিয় সংবাদ আমার বিশাস করাইনেন, আমার এই মিনতি যে আপনি আমায় স্ত্যুর কোন সহজ উপায় নির্দারণ করে দিন, শশি-শেখরের সহিত বিশ্বমোহিণীর পরিণয় হবে ? বৎস শশিশেশর তুমি কোথায় ? মগধের সহিত কান্যকুজের স্থ্য নিম্নান। তবে আমার কি হল, কেয়ুরবান তুমি আমার সন্মুখ হইতে যাও আমি তোমার দর্শন স্থা বিন্ত্রিন।

কেনুর। আগি আপনার কি অপকার কবিসাহি, আমার ঘারায় কিছুই হয় ন.ই, অন্য দ্বারায় ক্ষাড় আমার উপর রাগ করেন কেন।

- বিদ্যা। যে সংবাদ অপ্রিয় তাহার দূতও অপ্রিয় সে ক**খন** প্রিয় হতে পারেনা।
- প্রমথ। জননী ক্রোধ সম্বরণ করুন প্রাক্তিনের হুর্দিমনীয় বেগ কে রোধ করিতে পারে, যাহা আমাদিগের অদৃষ্ট লিগি যদ্ধ তাহা আদ্য ঘটিলে ঘটিবে শত বৎসব পরে ঘটিলেও ঘটাবে তবে রথা কেন ছঃখিতা হন। প্রসন্ধা হউন।
- বিদা। বাবা প্রমথ নাথ। বিবাতা যদি তোমার আমার গতে অন্ধ খঞ্জ কি কুজ্জ করিতেন হিম্বা মূর্থ অজ্ঞানী অ থা অস্ক্রবিত্র ক্রিতেন তা া হইলে আজ **আমি এত** বিষাদিত হইতাম না আর আনিও বোবকবি তোমায় এত অধিক স্থেহ করিতাম্না। বৎস তুমি রাজ রাজেজ বীরেন্দ্র সিংহের ঔরমজাত পুত্র, বিদ্যা বদান্যতা রাজ-ব্মানুশাসন, প্রজা পালন প্রভৃতি রাজগুণে গুণান্তি, মলধ দিং হাদনের ভুমি প্রাকৃত উত্তরাধিবারী, তোমার খুলতাত রাজ্যলোভাকা হুরাত্মা অংশুমান প্রবঞ্চনা করিয়া তোমাব যাবদীয় রাজ্য বৈভবাদি অপাইর করিল, তুমি রাজপুত্র হইয়া আজ পথের ভিখারী, মার প্রাণে কি এত সহা হয় ? আমি কি প্রকাবে জীবিত থাকিয়া তোমার এ অবস্থাদর্শন কবিব, কেয়ু রবান তোমার বার্ত্তা যে আমার স্বপ্ন সমান বোধ হচ্ছে, তুমি কি যথার্থ বলিতেছ, আমার আর জীবন ধারণে কোন প্রয়োজন নাই, তুমি এক্ষণে বিদায় ২ও, আমি সিংহ ব্যাঘ্র প্রাপদ

সমাকৃল অরণ্যে জীবনের শেষভাগ যাপন হবিব তথাপি আর মগ্ধে প্রবেশ করিব না।

কেয়ুর। আপনি আমায় মার্জ্জনা করিবেন, আমি আগনাকে না লইয়া নবেক্তগণেব নি ট যাইতে পারিব না।

বিদ্যা। কেরুববান তুমি অন্শানে যেতে পান, আর ভোমার বেণ্ডে হবে কারণ ভোমার িচা বলিতেছি আমি ঘাইব না, আমার আ ভরিক বিলাদকে সামি গার্বিত হইতে শিক্ষা নালা করিব। আমার নিয়াল াশি এত অধিব বে সারং প্রক্ষণ ৌও বহনে অক্ষন, এই আমি এখানে আমার বিসাদেন সন্তি ক্ষিণার এই আ মার সিংহাসা, ভূপতি বর্গকে আহ্বান কর নত মঙকে বিষাদের বাক্য রক্ষা বাফন (ভূমিতে শারন)

(অংশুমান, প্রতাপাদিত্য, শশিশেখর, বিণ মোহিনী, রোহিণীদেবী, প্রতিত াাবন ও শ্বেদ্র সিংহের প্রবেশ।)

প্রভাপ। (বিদ্যাবতী ব পণি) আদ আমাদের শু हिन्,
আজ অংশুমালী ন মানি গৰ শুভদিনের অনুবোধা
শীতল বিরণমালা বান করিতে নে, গগণ অপূর্বা
শোভা ধাণণ কবিশান। ব জ্লার, অংশুমালির স্বর্ণ
করিণজালে স্বর্ণ বিভা গোপ্ত হইয়াছেন, আবাল র্দ্ধ
বিশ্বি মগধে সকতে ই আনান্দ্র, আজ অবনী
আন্ন্দ্মরী বেন আপনাব নয়নে আনন্দ্রি দেখিতেছি
নাণ

- বিদ্যা। অশুভদিন, পাপপূর্ণ সময় (ভূতল হইতে উঠিয়া)
 আজকের দিবস কি করিল যে অবনী সুবর্ণমনী বরং
 ক্রা পীড়ন কল্পিত অথবা মিথ্যা কথায় পৃথিবী
 প্রপিড়িতা হ যানে।
- ্তাপ। আন শগ্ৰ ক্ৰিয়া বলিতে পাবি অদ্যবার ি, ত'লো। তেই প্লানি ক্ৰিতে পাব না।
- বিন্যা। শাস নামান প্রতাবিণা করিয়া তোমার নরেন্দ্রনাম নত্ত্বি হিন্তুমি আমাব শত্ত-শোণিতে তোমার অস্ত্রের ্তি নাগন কবিবে বলিয়া সদৈত্যে বান্যকুজ ২০০ নালে আগমন করিয়াছ, এখন সন্ধি ?
- শূরেজ। কাত হউন কাত হউন, সন্ধি সর্বতোভীবে জাকনীয়া
- বিদ্যা। যুদ্ধ— যুদ্ধ স্থান যুদ্ধ ই জ্ঞান যুদ্ধ ই শয়ন
 যুদ্ধ ই অপন, কলপনায় দলি স্থান পায় না। হে বাজ—
 রাজেন্দ্র প্রতাপাদিতা। হে বীরকুলভূষণ শূরেন্দ্র সিংহ!
 তোমরা অদ্য কান্যকুজের মুখোজ্জ্বল না ববিয়া তাহার
 মস্তক নতঃ করিলে? ক্রতদাস—ধর্মপরিপত্তী ভীক
 তোমাদিগেব সাহস অতিশয় অল্প কিন্তু প্রতারণায়
 তোমবা পরম পণ্ডিত, তোমরা বলবানের সহায়তা কর।
 তোমাদের কি মনে নাই তোমরা একদিন আমার প্রতি
 পিতা অপেক্ষাও অধিকতর ক্ষেহ্ প্রকাশ করিয়াছিলে,
 আজ সোকল কোথায়? সিংহ শরীর শৃগাল চর্ম্মে

শশি। পিতঃ! অজ্ঞতম পুত্রের কথার কর্ণপাত করুন, সন্ধিতে প্রয়োজন কি, যুদ্ধ করিতে আসিয়াছেন যুদ্ধ করাই সর্বাধা বিধেয়।

বিদ্যা। বৎস! বিধা তামার দীর্ঘায় করুন, পৃথিবী তোমার পবিত্র স্বভাবে পবিত। হউন!

প্রতাপ। শশিশেখর। তুমি আজ কেন এমন যুদ্ধ খনভিজ্ঞ জনোচিত কথা বলিতেহ। কাহার সহি যদ্ধ করিব, অমথনাথের অনুকূলে মগধেখরের স্হিত সংগ্রাণ— সংগ্রাম নাকরিয়া যদি ইউসিদ্ধি হয় তবে সংগ্রাম প্রয়োজন ? মগধেশ্বর প্রমর্থনাথের পিতৃব্য পিতার স্থানে গণ্য, তিনি যখন স্বীয় ভাবতুষ্পাত্রকে সম্বেহে আহ্বান করিতেছেন তথন আমাদিগের উচিত যাহাতে প্রমথ নাথ ও অংশুমানের পরস্পার সৌহার্দ্দ সংস্থাপিত হর, সেই বিষয়ে যতুবান হওয়া, মগথে প্রমণ নাথ রাজ-পুত্র এবং রাজপুত্রের ন্যায় থাকিবেন তাহাতে ক্ষতি কি। অংশুমানের সন্তানাদি কিছুই নাই তাঁহার হৃত্যুর পর মগধরাজ্য প্রমথনাথেরি হইবে, তবে তাহার পিতৃ-ব্যের জীবন কাল অপেক্ষা করিয়া থাবিতে হইবে— পিতা ও পিতৃব্যে কিছুমাত্র প্রভেদ নাই। সেই জন্য বলিতেছি প্রমথনাথ স্বীয় পিতৃরাজ্যে গমন করুন, অকারণ সংগ্রাম সাগরে অবগাহণ করিবার আবশ্যক कि।

শিশি। মহারাজ। এদাস অজ্ঞতম, আপনার বুদ্ধিতে যাহ।

উপলব্ধি হইবে তাহা সর্বাংশে মাননীয়, কিন্তু আমি বোধ কবি মগধেশ্বর প্রমথনাথকৈ হস্তগত করিয়া স্বেচ্ছামত কার্য্য কবিতে পারেন, কাহার মনে কি আছে কে তাহা বলিতে পারে।

- বিদ্যা। হেধার্মিক প্রবর শশিশেথর ! আমি তোমায় ক্তা-গুলিপুটে বলিতেছি অনাথিনীব বাক্য রক্ষা কর প্রতিজ্ঞা ভঙ্গ করিওনা।
- অংশু। কান্যকুজপতি আর না—আমান মন ক্রোধরূপ অগ্নি শিখাষ জ্বলিতেচে, শোণিত ভিন্ন সে অগ্নি আর কিছুতেই নির্বাপিত হইবে না।
- প্রতাপ। তোমার ক্রোধাগু তোমাকেই দগ্ধ করিবে, কেবল তোমার দেহের পাংশুমাত্র অবশিষ্ট থাকিবেক বিপদকে আহ্বান কবিতে হয় না আপনিই আইসে, আজ রণরঙ্গ-ভূমে তোমার সমরসাধ মিটাইব।
- অংশু। আব রুথা বাগাড়য়রে প্রয়োজন নাই, যাহা করিতে আসিয়াছিলাম তাহাই করিব।

সকলের প্রস্থান।)

চতুর্পান্ধ।

প্রথম গর্ভাঙ্ক।

ৰান্যকজপতিৰ শিকিব।

(প্রতাপাদিত্য শশিশেখর ও জ্যোতির্কিদ আদীন।)

- প্রতাপ। পরমেশ্বর প্রতিকূল হটলে কে রক্ষা করিতে পারে। পরস্বাপহারী পামর অংশুমান সংগ্রামে কি পরাক্রম প্রকাশ করেছিল। অধর্মের জয়। ধর্ম কি পৃথিবী হইতে অন্তর্হিত হইয়াছেন ?
- জ্যোতি। রাজন ! যদিও কলি পৃথিবীতে রাজ ব করিতেছে তথাপি ধর্ম অদ্যাবধি বিলুপ্ত হয় নাই।
- প্রতাপ। গুরুদেব শাস্ত্র কি মিথ্যা হইল ? অথর্মের জয় হইল আপনি কি দেখিতেছেন, আমাদের কি যুদ্ধে পরা-জয় হয় নাই ? প্রমথনাথকে কি বন্দী করিয়া লইয়া যায় নাই ? ইক্রভূষণ সিংহ কি সমরে হত হন নাই দ মগধেশ্বর কি সদৈন্য সমাগত কান্যকুক্তপতির সমক্ষে বিজয়ী হইয়া দেশে প্রত্যাগত হন নাই দ
- শশি। মগধ কি জয় করিয়াছে ? যাহা তাঁহার ছিল তাহাই আছে।

বিদ্যাকতীর প্রবেশ।

প্রতাপ। মগধের এ গৌরব কি সন্থ করিতে পারি সমরাঙ্গণে আমার কেন না নিধন হইল। শশিশেখর আহা ঐ

নেথ দেখিলে হান্য বিদীর্ণ হয়, বিদ্যাবতী উন্সাদিনীর
ন্যায় আগমন করিতেছে, আহা ! মহা প্রলয়ের পর
বস্তকরা দেমন স্তপ্তিত হয়, বিদ্যাবতীর আজ সেই
ফুর্ত্তি—সেম্বন্দর মুখনী একবারে প্রতিভা হীন হয়েছে।
বিদ্যাব্তি, ভুমি আমাদিগের স্থিত কার্ক্তে
চল্।

বিদা। — মহারাজ আর কেন আমার আশা ভরষা সকলিত গিরেছে, বিশ্বরার অমূল্য নিথি একমাত পুলুরত্ব সেও আল অদুইক্রমে বন্দী, এ শরীর এই স্থানে গাতিত ব্রিব, গতি র'জ্যেই পতিগত-গাণা সতীব অস্থি রাখিব, অন্যত্রে বাইব লা।

এত।ব।—বৈষ্যা ধর অত অধীর। হইও না।

বিদ্যা — লা না না, পাতনার মন আর প্রবাধিত হয়
না, মনে যে দারুণ অগ্নি অবিরাম দহিতে সভ্যা
ভিন্ন তাহা নির্কোণের আর উপায় নাই। কাল ভ্রি
বিশ্ববিজরী, তোনার অধিকার মথো কেছই অমর নাই,
নকনকেই সময়ে তোমার কর কর্বালত ইইতে ইইবে।
হে হভ্যু! তোমার প্রতি আমার অপত্যাধিক মেহ,
বিবাম শ্বাস হইতে গাজোখান কর আমি তোমার
পুতিগক্স বিশিষ্ট কলে র চুখন করিব, তোমার কলেবরে
এ কলেবর বিলীন করিব, অবনীতে আমি বিবাদ
হভ্যুর উদাহরণ রাখিয়া বাইব, ভুমি এম আর বিলম্ব
করিও না।

- প্রতাপ।—বিদ্যাবতী শান্ত হও ছুঃখ চিরস্থায়ি নহে আর ক্রন্দন করিওনা, অবশ্যই তোমার হৃদয়াকাশে একদিন সুখ সুর্য্য উদর হইবে।
- বিদ্যা।—যতক্ষণ আমাব দেহে রক্ত সঞ্চালন হইবে, মতক্ষণ
 নিশাস বহিবে, ততক্ষণ এ নয়ন হইতে অশ্রুপারা
 অনর্গল বহিবে কেইই নিবারণ করিতে পারিবে না।
 রাজন্যদি আমার জিহ্বা হজুদত্তে নিশ্মিত হইত, তাহলে
 আজ আমি এই রমণীর হ্বলে কণ্ঠস্বরে পৃথিবীকে দীর্ঘ্য
 নিদ্যা হইতে জাগরিত করিতাম।
- ব্রাহ্মণ।—বিদ্যাবতী তোমার বাক্যে ছঃখ প্রকাশ না করিয়া বরং উমত্তের প্রলাপের ন্যায় কার্য্য করিতেছে।
- বিদ্যা ৷— আপনার একথা ধর্মসঙ্গত নয়, আমি উন্মাদিনী
 নহি, এই যে চিকুর দাম উৎপাটন করিলাম
 ইহা আমার (কেশ উৎপাটন) আমার নাম
 বিদ্যাবতী, আমি রাজ রাজেন্দ্র বীরেন্দ্র সীংহের
 ধর্ম পত্নী, সহায় থীন বালক প্রমথনাথ আমার
 প্রিয়পুত্র—এবং তাহাকেই হারাইয়াছি—আমি পাগলিনী নহি ! পরমেশ্বরকে ধন্যবাদ দিতাম যদি
 তিনি আমাকে যথার্থ উন্মাদিনী করিতেন, তা হলে এ
 অতুল বিষাদ রাশি আমার অন্তরে স্থান পাইত না,
 আপনি আন্ধান পরম পূজ্য, ইহলোকে আন্ধাণপেক্ষা
 সাক্ষাৎ মূর্ত্তিমান উশ্বর ক্ষত্রিয়ের সন্মুখে আর কে
 আছে ! অধিনীর নিবেদন এই যদি ভগবান ভূত ভাব-

নের আয়ুর্বেদ আপনার কণ্ঠন্থ থাকে দাসীকে কোন
ভ্রমণ্ডণে উন্মাদিনী করুন—(পরিক্রমণ) আমি পাগলিনী নহি, আমার অন্তরন্থ বিষাদরাশি আমায় অবিলয়ে
প্রাণ পরিত্যাগ করিতে উৎসাহিত করিতেছে। ভগবন্
আমি কি উপায়ে মুক্ত হব। যদি আমি উন্মাদিনী
হটতাম তাহা হটলে আমাব প্রিয়ত্ম পুত্র কথনই
সারণে আদিত না—আমি জানি, আমি নিশ্চয় বলিতে
পাবি আমি পাগলিনী নহি।

প্রভাপ।—বিদ্যাবতী তোমাব ঐ স্থাচিবণ চিকুর দাম বস্ধান কর।

বিদ্যা।—হাঁ আমি বন্ধন করিব—আয় কেনই বা বন্ধন করিব আমি তাহাদের স্বস্থান চ্যুত করিয়াছি আয় বন্ধনের প্রায়েজন নাট। যে হস্তে আজ এই বেশ দাদের স্বাধীনতা প্রদান করিলাম সেই হস্তে যদি প্রিয়পুত্রের উদ্ধার কবিতে গারিতাম্। (চিন্তা) আহা আমার বিধবাব ধন কে হরণ করিল, হে ভগবান্ পরলোকে সকলের সহিত সাক্ষাত হয় তবে ত্রিদীব ধামে পুনর্বার পুত্রের মুখপঘ নিরীক্ষণ করিব। সত্যুকালেত মহুন্যগণেব শীজীবিতাবস্থার ন্যায় থাকে না, তবে আমি কি উপায়ে প্রিয়পুত্রকে চিনিতে পারিব। সেই জন্য—কথনই না, কথনই না, আমি কাছার কথা শুনিব না। আমি অবশ্যই একবার প্রমণনাথের মুখ পুগুরীক সত্যুক্তনয়নে নিরীক্ষণ করিব—হবে এ জীবনের শেষ হটবে।

জ্যোতি!—আপনি যে দেখি বিষাদের অত্যন্ত সন্মান করেন। বিদ্যা।—ত্রন্ধানেরের বাক্য পুত্রবানের ন্যায় নছে। প্রতাপ।—বিদ্যাবতী তুমি অন্যায় করিতেছ বিষাদ ও পুত্রকে সমভাবে নিরীক্ষণ ?—

বিদ্যা।—বিষাদ আমার অনাগত পুত্রের শয়নমন্দিরে নিজ দেহ পরিবর্দ্ধিত করিয়া গৃহ পরিপূর্ণ করিয়া রহিয়াছে, আমি নয়নে প্রতি নিয়তই নিরীক্ষণ করিতেছি। খেদ মূর্ত্তিমান হটয়া আমার পুত্রের শ্বাায় শয়ন করিয়া রহিয়াছে, আমার সহিত ইতস্তত যাতায়াত করিতেছে, সুমধুর কণ্ঠস্বরে কর্ণযুগল সুশীতল করিতেছে, প্রমথ-নাথের দকল গুণের কথাই আমায় সারণ করিয়া দিতেছে, মুহূর্ত মধ্যে কতবার নব নব রাজ পরিচছদ পরিধান করিতৈছে এবং আমাকে জমনী বলিয়া সম্বোধন করিতেছে। অঁগ। তবে কি আমার বিষাদের কারণ নাই ? পরমেশ্র আপিনাদের মঙ্গল করুন্ আমি বিদায় হই, আমার যা ক্ষতি হইয়াছে আগনাদিগের দেইরূপ হইলে, এ অবলা বোধ করি অসংখ্য নরকুল পালক অপেক্ষা উত্তমরূপ সাস্ত্রনা করিতে পারিত। (পরিক্রমণ করিয়া) মস্তকে রাজ মুকুট ধারণের আর আবশ্যক নাই (মুকুট দূরে নিক্ষেপ) বিষাদ বিকার আমার জীবন কপ্রগত করিয়াছে। হে ত্রকাগুনাথ। সকলি ভোমার ইচ্ছা অবলা, অনাথিনী বিদ্যাবতী কি পাপে এই সকল ছঃখ ভোগ করিতেত্ে? হে পরমেশ্ব ! পূর্বে জ্ঞার

পাপের প্রায়শ্চিত্ত কি পরজন্মে হয় ? আপনি অধিনীর অন্তঃকরণে আবিভূতি হউন, এবং বলিয়া দিন আমি পূর্বে জন্মে কি এমন শুরুতর পাপের অনুষ্ঠান করিয়াছিলাম তাই আমি ইহলোকে পতি পুত্রহীনা হইয়াও অদ্যাপি জীবিত রহিয়াছি।—প্রমথনাথ বাবা, আমার হৃদয়ের আনন্দ, নয়নের পুত্রলিকা, অক্ষের যফি, আনন্দবর্দ্ধন, বিধবার একমাত্র অমূল্য নিধি, আমার শোভাগ্নির একমাত্র শান্তি সলীল, তোমার তুলনায় পৃথিবী কি তুচ্ছ পদার্থ যে আমি তৎসদৃশ হল্ল তি কৌস্তভ রত্ন হারাইয়া পাপময়ী পৃথিবীতে পুনর্বার প্রাণ ধারণ করিব। অংশধিক এ পৃথিবীতে আর কাজ্ নাই। (পদাঘাত)

সকলের প্রস্থান।

চতুর্থান্ধ।

দ্বিতীয় গর্ভাঙ্ক।

মগধের তুর্ব। জ্বানীল আসীন।

অংশুমানের প্রবেশ।

- জয়শীল |—(দণ্ডায়মান হইয়া) মহারাজ অদ্য এমন অসময়ে অকস্মাৎ হুর্গমধ্যে আগমন করিলেন কেন ?
- আংশু। জয়শীল। তুমি অবশ্যই বৃঝিতে পারিরাছ কোন
 বিশেষ প্রয়োজন তিন্ন আমার হঠাৎ হুর্গমধ্যে আদিবার
 কোন কারণ নাই। আমার মন কয়েক দিবসাবধি
 অত্যন্ত ভাবনাযুক্ত হইয়াহে, আমি অত্যন্ত বিপদে
 পড়িয়াছি, কি উপায়ে যে উপস্থিত বিপদ হইতে মুক্ত
 হইব তাহার কোন উপায় উদ্ভাবন করিতে পারিতেছি না।
- জয়।—রাজন এ দাসকে যদি অনুগ্রহ করিয়া আপনার বিপদের সবিশেষ জ্ঞাত করেন।
- আংশু | আমি মগধরাজ কর্মচারীদিগের মধ্যে তোমাকেই
 সর্ব্বাপেক্ষা বিশ্বাস করি এবং তুমি যথার্থ বিশ্বাসের পাত্র,
 কারণ একাল পর্যান্ত তুমি রাজসংসারে থাকিয়া কেবল
 যাহাতে রাজার ও রাজ্যের মঙ্গল সাধন হয় সেই
 চেন্টাই সতত করিয়া থাক, আর এ রাজসংসারে তুমি

যতদিন কর্ম করিতেছ ততদিন আর কেছই আমার মনো-মত কার্য্য করিতে পারে নাই, আমি তোমার ব্যবহারে অত্যক্ত বাধ্য আছি।

- জয়।—মহারাজ আমি আমার কর্ত্তব্য কর্মই সাধন করিতেছি,
 ইহাতে কিছুমাত্র প্রশং সা নাই, তবে যে এ দাসকে অনুগ্রহ করিয়া সন্মান প্রদান করেন সে কেবল মহারাজের
 মহত্বের পরিচয়, নচেৎ কিল্করের এমন কোন গুণই নাই
 যে ভবাদৃশ রাজকুল ভূষণ রাজনকে বাধ্য করিতে পারে।
 অংশু। আমি জানি তোমার স্বভাবে বিনয়ের ইয়তা নাই—
- অংশু। আমি জানি তোমার স্বভাবে বিনয়ের ইয়তা নাই—
 যে ব্যক্তি সক্ষরিত্র এবং জ্ঞানী সে নিজের প্রশংসা
 শুনিলে লজ্জিত হয় তা মহতের রীতিই এই, তুমি
 লজ্জিত হইবে জানি তথাপি আমার হৃদয় না বলিয়া
 থাকিতে পারিতেছে না।
- জয়।—মহারাজ এ দাসকে অনুগ্রহ করিয়া উপস্থিত বিপদ জ্ঞাত করুন, আমি শপথ করিতেছি যদি আমার জীবন দিলেও মহারাজ বিপদ হইতে উদ্ধার হয়েন তাহাতেও আমি প্রস্তুত আছি।
- ত্বংশু।—দেথ জয়শীল এই অবনীমগুলে সকলেই স্বার্থপর কেহই আপন স্বার্থ নই করিয়া অন্যের উপকার করে না, কিন্তু এজগতে তুমি স্বার্থ শ্ন্য পরমেশ্বর তোমার দীঘ জীবী করুন—তোমার এই সকল গুণে ও অমায়ি-কভায় আমি নিতান্তই বশীভূত আহি; আমি কি পাষণ্ড তোমার কিছুই উপকার করিতে পারিলাম না।

জয়।—এ দাসের প্রতি কি অনুমতি—

অংশু।—জয়শীল জগতে সকলি অনিত্য কিছুই চিরস্থায়ি নয়, কেবল বিদ্যা দয়া বদান্যতা প্রভৃতি নৈস্পিক গুণ সমূহই কীর্ত্তিন্ত স্বরূপ হট্রা মনুষ্যগণের জীবনান্তে ও নাম চির স্মরণীয় করিয়া রাখে। শরদে নীল নভস্থলে পৌর্ণমাদীতে নির্মাল চন্দ্রিমা যেমন প্রকৃতির শোভা রূদ্ধি করে, তেমনি আমার রাজসভায় তুমিই একমাত চক্র। জয়শীল আমি অদ্য তোমাকে আমার আন্তরিক বিষাদের ও ভারনার কথঞ্চিত জ্ঞাত করিবার নিমিন্ত এবং তৎ-সম্বন্ধে সৎপরামর্শ গ্রহণেচ্ছু হইরাই আগমন করিয়াছি— আমি বোধ করি তোমার কিছুই অবিদিত নাই—আমার এই রাজ্যভার গ্রহণের পর কতবার মগধে বিদ্রোহ, রাজবিপ্লব, যুদ্ধ প্রভৃতি যাবতীয় রাজকীয় বিপদ একে২ হইয়া গিয়াছে তাহা আমি অকাতরে বস্থন্তরা দেবীর ন্যায় সহ্য করিয়া আসিয়াছি, একদিনের জন্যও অন্তঃকরণে ত্বখী হইতে পারিলাম না—তাহাতে আমি কিছুমাত্র ক্ষুন নহি বরং সে আমার গোরব, স্বীয় কর্ত্তব্য কর্মাই সাধন করিয়াছি—আমার জৈয়েষ্ঠভাতা পরম পূজ্যপাদ বীরেন্দ্র সিংহ অপত্য নির্ব্বিশেষে এরাজ্য পালন করিয়া গিয়াছেন, তাঁহার ভুষ্ণবলে সসাগরা পৃথিবী শাসিতছিল, কেহই উন্নত মন্তক হইতে পারে নাই। আমি কি কাপুরুষ, আমি তাঁহার সোদর কিন্তু তাঁহার সহস্রাৎশের একাংশ গুণও আমার নাই, আহা ৷ আজ এরাজ্য কি

স্থার হইত যদি দাদা মহাশয়ের একটিমাত্র উপযুক্ত পুত্র থাকিত ;—

- জর।—কেন মহারাজ ! এমন কথা বলিতেছেন কেন ! জ্রীমান প্রমথনাথত তাঁহার ঐরসজাত পুত্র, তবে আপনার সে বিসয়ে ভাবনা কি, আর মহারাজের ও অদ্যাবধি কোন সন্তানাদি হয় নাই।—
- আংশু।—দেনাপতি তোমার মন নিতান্তই ভ্রমান্ধকারে
 আচ্ছন্ন রহিয়াছে, এতদিন কাহার নিকট ব্যক্ত করি
 নাই, আজ তোমায় বলি, প্রমথনাথ হত মহাত্মা
 বীরেন্দ্র সিংহের ঔরসজাত পুর্তু নহে—ছুন্টা বিদ্যাবতী
 সেচ্ছাচারিণী হিল, দাদা মহাশায় হৃত্যুকালে আমায়
 বারহার নিষেধ করিয়াছিলেন যেন স্বৈরিণীসন্তান মগধে
 আধিপত্য না করে।
- জয় | নাজন্ইহা অতি আশ্চর্য কাহিনী ! আমি এরপ কখন শুনি নাই, এবং মহিষী বিদ্যাবতী যে ছুশ্চ-রিত্রা ইহা আমার বিখাসও ছিল না, কিন্তু যখন একথা মহারাজের মুখ হইতে নিস্ত হইতেছে তখন আর সনেত্
- অংশু। বলিতে লজ্জায় বাকরুদ্ধ হয় ও ক্রোধে কলেবর কম্পিত হয়, কিন্তু কি করি কুলের কুচ্ছ কথা কাহার নিকট ব্যক্ত করিব, আর তাহাতে ফলইবা কি! কেবল অপমানে মস্তক অবনত করা আর মগ্ধ-রাজ বংশের যশেঃ পৃথিবী যে আলোকময়ী তাহাতে কলক্ক প্রদান;

এই হ্রপনেয় কলঙ্ক হতে যে কি উপায়ে নিস্তার পাইব তার আমি কিছুই অনুধাবন করিতে পারিতেছি না, এক একবার ইচ্ছা হয় জীবন ত্যাগ করি পরক্ষণেই আবার জ্ঞান সঞ্চার হয় যে কে এই মগধেশরের বিপুল কুলমান রক্ষা করিবে। অদৃষ্ট দোষে আমিও অপত্য বিহীন, আমার পরলোকান্তে এ রাজ্যের কি হর্দদা ঘটিবে অথবা জগদীশরের মনে কি আছে কে বলিতে পারে।

জয়।—মহারাজ কেন পোষ্যপুত্রগ্রহণ করুন না।

- আংশু।—জরশীল। একপ্রকার নিশ্চিন্ত না হইলে আর সে বিষয়ের কোন উপায় উদ্ভাবন করিতে পারিতেছি না। শক্র জীবিত থাকিতে মনে স্থের লেশমাত্র উপলব্ধি হয় না। আমাকে চারিদিকে শক্রতে বেউন করিয়া রাখিয়াছে—আমি বা উন্মাদ গ্রন্থ হই, তুমি আমায় সংপ্রামর্শ দাও কি উপায়ে মুক্তি লাভ করি।
- জয় —রাজন্, এক্ষণে আপনার আর কোন্রিপু জীবিত রহিয়াছে? এক কামকুজ্ঞপতি! তাঁহার বিষদন্তত চূর্ণ করা গিয়াছে, কৈ আর কেহ ত শক্রভাবে মস্তক উত্তোলন করে নাই।
- আংশু।—তোমাকে আর আমি কি প্রকারে বুঝাইর।
 দিব। কামকুজ্ঞপতি আমার কি করিতে পারে।
 হৃদয়াভ্যন্তরে কীট প্রবেশ করিয়া বেদনা প্রদান
 করিলে অঙ্গে ঔষধ লেপনে কি ফল ? বাস গৃহে কাল
 সর্প প্রবেশ করিলে গৃহস্বামী কি নিশ্চিন্ত মনে সেই গৃহে

ধাস করিতে পারে ? নিয়তি পরিহারার্থ কোথায় পলায়ন করিবে, থেখানেই যাক্ কাল প্রচ্ছন্ন বেশে অনুক্ষণ পশ্চাৎ পশ্চাৎ ফিরিবে। জয়শীল আমার স্থ্র কোথায়! আপাতত আমার কেহ শক্র নাই বটে কিন্তু প্রমথনাথ আমার কাল স্বরূপ, সময় পাইলেই অনিট সাধন করিবে—আর তাহার সাহায্য করিতে সকলেই প্রস্তুত, তথন আমার কি করা উচিত ?

- জয়।—প্রমথনাথ এখন ত আপনার অধিকার মধ্যে রহিল,
 আর তাহার দারা কি অনিট হইতে পারে, প্রথমত
 সে বালক যুদ্ধ বিগ্রহাদি কিছুই অবগত নহে, আর
 যুদ্ধ কিছু একাকী হয় না, স্থাশিক্ষিত সেদা সমূহের
 সাহায্য আবশ্যক করে। তার পর দেখুন আপনি
 নিঃসভান।
- আংশ্র ।— জয়শীল তুমি রাজাসুশাসন অনভিজ্ঞ জনোচিত
 কথা কহিতেছ কেন ? আমি তোমাকে আমার জ্যেষ্ঠ
 ভাতার আজ্ঞা ত জ্ঞাপন করিয়াছি, তুমি কি বিদ্যাবতীর
 জারজপুত্রকে এই মগধের উন্নত সিংহাসনে বসাইতে
 বল ? তাহা হইলে যে আর পাপের পরিসীমা রহিল
 না। ঈশ্বরের মানস কন্যা ভারত স্থান্দরী কি হুরাআ
 দাসীপুত্রের হস্তে নাস্ত হইবে ? তাহা হইলে কি আর
 বস্থারা দেবী প্রকৃতিপুঞ্জ প্রতিপালনের আহারোপযোগী শস্যাদি প্রদান করিবেন ? না স্বর্গ হইতে দেবরাজ
 বারিবর্ষণ করিবেন, না স্থ্যদেব নিয়ম মত প্রতিদিন

স্বস্থানে উঠিয়া মানবের চক্ষে কিরণমালা প্রদান করিবেন, না শীত গ্রীয়া বর্ষাদি ষড়ৠতু যথাক্রমে ধরা শাসন করিবে, না গগনাঙ্গনে প্রকৃতির চারু শোভাকর শশধর শীতল কিরণমাল। প্রদান করিয়া মানব মগুলের আনন্দ বর্জন করিবেন ?—প্রলয় উপস্থিত হইবে। বস্থারা দেবী সলিল মগ্না হইবেন।

জয়।—তবে আপনার অভিক্লচি কি ?

- আংশু।— দগেন্দ্র গহ্বরে শৃগালের বাস স্থান নির্ণয় কি বিধির ইপ্সিত? ময়ূর সিং হাসনে বানরের উপবেশন? শারদ কোমুদীতে খদ্যোতিকা প্রভা? জয়শীল অধিক আর তোমায় কি বলিব আমার আর বাক্যক্তি হইতেছে না, জোধে কলেবর কম্পিত হইতেছে। স্ত্যু! স্ত্যু! স্ত্যু ভিন্ন আর উপায় নাই।
- জয়।—মহারাজ, মৃত্যু কেন, আপনি কি দোষে জীবন ত্যাগ করিতে উদ্যুক্ত হইতেছেন, অনুমতি করুন এদাস এই দণ্ডেই আপনার আজ্ঞাপালন করিবে।
- আংশু আমি তাহা বিলক্ষণ অবগত আছি, তোমার ন্যায়
 মগধরাজ্যের প্রিয় চিকীষ্ প্রার কেহই নাই, তোমার
 দারা আমার সকল কর্মাই সাধিত হইতে পারে। তোমার
 বাহুবলেই অদ্যাপি আমি এই রাজদণ্ড ও রাজমুকুট
 ধারণ করিয়া আহি। তোমা ভিন্ন মগধের এবিপুল
 কুলমান কে আর রক্ষা করিবে, প্রমথনাথ বালক বটে
 কিন্তু আমার পক্ষে বিষধর ফণি-—স্ক্তরাং আমি নিশ্চিন্ত

- নহি, সততই সশঙ্কিত—(চিন্তা) মৃত্যু! মৃত্যু! মৃত্যু ভিন্ন আর উপায় নাই।
- জয়।—মহারাজ, আপনি এক্ষণে অত্যন্ত বিমনায়মান হইয়া-ছেন, কিয়ৎক্ষণ উপবন প্রাসাদের স্থিন্ধ সমীরণ সেবন করুন্—এদাস নিতান্তই আজ্ঞাবহ, নিশ্চিন্ত থাকুন, অনুমতি অবাধে সাধিত হইবে।
- অংশু | জরশীল তুমিই এ জগতে আমার যথার্থ বন্ধু, জগদীখর করুন তুমি দীর্ঘন্ধীবি হও, সাবধান অন্যথা না হয়।
- জয়।—মানব হৃদয়ে দয়া পরোপকার প্রভৃতি প্রকৃতি প্রদত্ত গুণসমূহ অক্কিত আছে বলিরাই মনুষাজাতি ঈশরের স্থি মধ্যে ইতরেতর প্রাণিগণ অপেক্ষা প্রধান বলিয়া গণ্য, কিন্তু যে হৃদয় লোভী, পরশ্রী কাতর, নির্দিয়, স্নেহ মমতা বিহীন, দ্বেষ হিং সায় পরিপুরিত, পরের অনিষ্ট সাধনে তৎপর, তাহাকে মনুষ্য পদবীতে গণ্যকরা য়য় না সে পশু অপেক্ষা নিরুষ্ট—সংসার মধ্যে না থাকিয়া সে বনে গিয়া পশুগণের সহিত মিলিত হউক। আমি একবারে জ্ঞানশূন্য হইয়াছি! কি ভয়ানক রাক্ষম ব্যবহার! অপ্রাপ্ত বয়ক্ষ লাকপুর্বেক লইয়া তাহাকে ও পাঠেশ্রী বিদ্যাবতীকে দেশ হইতে বহিক্ষ্ত করিয়া দিল! অভাগিনীর কপাল এমনই মন্দ্, যে, যে তাহার সাহায্যার্থে হস্ত প্রসারণ করিল বিধাতা তাঁহারও হস্তক্ষেদন করিলেন, এই কি

বিধি ! ছংখিনী কামিনীর প্রতি এত নিষ্ঠুরতা ! আহা রাজপুত্র, এমন কি রাজ রাজেন্দ্র তনয়, মহারাজবীরেন্দ্র সিংহের ত্রিরজাত পুত্র, রাজপুত্র হইয়া পথের তিথারী ! আবার হুর্গ কারাগারে বন্দী ! প্রমথনাথ বৎস, তোমার ভয় নাই ! আমি তোমাকে কারাগার হইতে মুক্ত করিব, সমগ্র পৃথিবী অংশুমানের পক্ষেহইলেও তোমাকে মগধের রাজসিংহাসনে বসাইব, কেহই রক্ষা করিতে পারিবে না ।

একজন সৈনিকে প্রবেশ।

দৈনিক।—মহাশয়! এক যোগিনী আপনার সাক্ষাৎকার
লাভেচ্ছায় হুর্গ তোরণে দগুায়মানা আছেন, অনুমতি
হইলে সমভিব্যাহারে লইয়া আসি। (স্বগত) আহা কি
ভক্তি মতি মূর্ত্তি! দেখলেই আন্তরিক ভক্তিরসের
উদয় হয়, যেন ভগবতী ভৈরবী মূর্ত্তিতে অবতীণা
হইয়াছেন।

জায়।— দৈনিক, তুমি নিছান্ত অবিবেকের ন্যায় কার্য্য করি—
য়াহ, আমার এমন কি ভাগ্য যে যোগিনী এ অজ্ঞানকৈ
দর্শন দিবেন, অনুমতির অপেক্ষা কি ? অবিলয়ে লইয়া
আইন।

(দৈনিকের প্রস্থান—)

(চিন্তা) যোগিনী কোথা হইতে কি মনন করিয়া যে এরাজ্যে আগমন করিলেন তা কিছুই বুঝিতে পারি-তেছি না।

(যোগিনীর প্রবেশ।)

আজ আমার জন্ম সার্থক, আপনার ঐচরণ রেণু যে এ অজ্ঞতম দাসের আবাসে পড়িবে ইহা স্বপ্নের অগোচর। যোগিনী।—আশীর্কাদ করি ঈশ্বর ভোমার ঐহিদ্ধি করুন—

- জয়।—ভগবতি, আপনার আশীর্কাদ অমোম, আপনাদিগের আশীর্কাদে এ দাসের সর্বত্ত মঙ্গল, রাজ্যও সর্বথা উপদ্রব রহিত। কি মনন করিয়া অদ্য মগধের সোভাগ্য রিদ্ধি করিলেন অনুগ্রহ পূর্বক এ কিঙ্করকে জ্ঞাত করুন; কেহত কোন প্রকারে আপনাদিগের তপশ্চরণে বিশ্ব প্রদান করে নাই ?
- যোগিনী।—বৎস তোমাদিগের বাহুবলে জল ছল বন উপ-বন ও পর্বত প্রভৃতি সকলি সুশাসিত আছে, কুত্রাপি উপদ্রব নাই, কেবল তোমাদিগের দেশস্থ রাজা ও প্রজারন্দের সকলেরই পক্ষপাতিত্ব দেখিতেছি, এবং সেই হুংখে বস্থারা দেবী অনবরতই রোদন করিতেছেন— আমি এই মগধের তৃতীয় রাজাকে দেখিলাম্ আমার বয়ঃক্রম অফীধিক শতবর্ষ হইল।
- জয়। -- জননী আপনি যথার্থ আজ্ঞা করিয়াছেন।
- যোগিণী।—বৎস, এই মগধ আমার জন্মস্থান। আঞ্চ জন্মভূমির মঙ্গল বিধানের জন্যই আমি স্বয়ং লোকা— লয়ে আসিরাছি। কয়েক দিবস হইল আমি একদা সায়ংকালে যমুদা পুলিনে যাইয়া স্থপ্ৰন হিলোলে

যমুনার নয়ন প্রাতিকর শোভা নিরীক্ষণ করিতেছিলাম্, এবং কায়মনোচিত্তে জগদীশ্বরের আরাধনা করিতে-ছিলাম্, উপাসনাত্তে যথন ঈশ্বর উদ্দেশে প্রণাম করিয়া আশ্রমাভিমুখে আগমন করি এমন সময় আকাশ মণ্ডলে দৈববাণী হইল—

- জয়।—ভগবতি, কি দৈববাণী হইল, যদি কোন বাধা না থাকে এ দাসকে অনুগ্রহ করে জ্ঞাত করুন্।
- যোগিণী।—দে কথা আর শুনিয়া কাজ নাই। শুনিলে
 ভীত হইবে ও অন্তরে বিষম চিন্তা উপস্থিত হইবে, তুমি
 বালক তোমায় দে সর্কনাশের কথা আর শুনাইতে
 ইচ্ছা করিনা।
- জয়।—দেবি, আমার অত্যন্ত কোতৃহল জন্মেছে অনুগ্রহ করে বলুন, আমি আর নিশ্চিন্ত থাকিতে পারিনা, কারণ যদিও আপনি প্রত্যক্ষে কিছুই বলেন নি তথাচ আকার ইন্ধিতে ও আপনার কথার আভাষে মগথের অমঙ্গলস্থাক কথা বলিয়াই বোধ হইতেছে—জননী এদাসকে দৈববাণী রভান্ত অবগত করাইয়া মনোবেগ ছর করুন্।
- বোগিনী।—বৎস, তোমার যখন একান্ত ইচ্ছা তখন আমাকে বলিতে হইল—কিন্তু পরে অনুতাপ করিও না। এরাজ্যে অধুনাতন অধীশ্বর শ্রীমান অংশুমান, ইনি মগধ রাজ-বংশেই জন্মগ্রহণ করিয়াছেন, স্ত শ্রকলপতি মহাত্মা বীরেন্দ্র সিংহের লাতা, পুত্র স্বত্তে লাতা কোনমতেই

উত্তরাধিকারী হইতে পারে না, স্তমহারাজ বীরেন্দ্রসিং হের অপ্রাপ্ত বয়ক্ষ পুত্রকে তাহাব পৈতৃক রাজ্য হইতে বঞ্চিত করিয়া তাহাতেও সুখা নয়, ধ্যানস্থ হইয়া দেখিলাম্ তাহাকে বন্দী করিয়া এই নগরেই আনিয়া রাখিয়াছে, শীঘ্রই দণ্ডাজ্ঞা প্রচার হইবেক।

- জয়।—জননি ! যা বল্লেন আমরা সকলই অবগত আছি, কিন্তু কি দৈববাণী হং য়াছে তাহারত কিছুই বলিলেন না ?
- যোগিনী বৎস! ভগবতী কালিকা দেবী আমার সমুখে আগিয়া বিকট বেশে ভর্মনা পূর্বক বলিলেন ধমগ-ধের আর নিস্তার নাই অবিলম্বে ধংস হইবে, এত অত্যাচার এত অবিচার, রাজপুত্র হইয়া পথের ভিখারী! আবার হৃষ্ট তাহার ব্ধসাধন করিবেক! অবশ্যই এ পাপের ফল প্রাপ্ত হইবে, রাজার পাপে রাজ্য ধংস হইবে, রক্ষা নাই।"
- জয় ভগবতি! মনদনতি অংশুদানের যে এই অপরিনামদর্শী নিষ্ঠুর রাক্ষদ ব্যবহার পরিণামে গরলপ্রস্
 হইবে তাহা আমি পূর্কেই জানি, কিন্তু মাত! এ দাসের
 এক নিবেদন আছে অনুগ্রহ করিয়া শ্রবণ করুন।
- থোগিনী।—তুমি অসঙ্কু চিত চিত্তে বল, বৎস। তোমার উপর আমার যে কতহুর বিশাস ও স্থেহ তা আর কি বলিব— মগধে এত লোক থাকিতে আমি কিজন্য তোমার নিকট আসিলাম ইহাতেই তুমি যথেষ্ট বুঝিতে পারিয়াছ।

জার।—মগধের ধংস! একথা শুনিয়া প্রাণ যে কিপর্যান্ত ব্যাকুল হইল তাহা বলিতে পারি না—এই মুহ্রে আমার মস্তকে বজা্বাত হইলেও আমি অধিকতর ক্লেশ অনুভব করিতে পারিতাম না, জননি! এমন কিছু কি সহপায় নাই যদ্বারা আমর। এই উপস্থিত বিপদ হইতে মুক্ত হইতে পারি? আমি শপথ করিয়া বলিতেছি যদি আমার সাধ্যায়ত হয় আমি অবশ্যই করিব। যোগিনী।—বৎস! জগদীশ্বর তোমায় দীর্ঘজীবি করুন্। জয়।—জননি! কোন উপায় কি নাই—

বোগিনী |—একমাত্র উপার আছে - যদি প্রজাপুঞ্জ একতা নিবন্ধনে সক্ষম হয়, আর অধুনাতন পরম অধ্মাচারী ভূপতি অং শুমানকে রাজ্যচাত করিয়া স্তমহারাজ বীরেন্দ্র সিংহের ঔরসজাত পুত্রকে রাজসিংহাসনে আরোহণ করায়, ও হুটের সমুচিত দণ্ড বিধান করে, তবেই মগধের মঙ্গল নচেৎ পতনোমুখ পর্বত চুড়ার পতন বেমন কেহ রক্ষা করিতে পারে না, সেইরূপ মগধের ধং স অলজ্মনীয় ;—'জননী-জন্মভূমিশ্চ স্বর্গাদিপি গরিয়সী" আমি ভিখারিণী, ঈশ্বর সেবায় নিরত, সাংসারিক স্থে হুংখ কখনই অনুভব করিনাই, কিন্তু জন্মভূমির এই ভাবী হুরবস্থা সহু করিতে না পারিয়াই লোকালয়ে পুন্র্বার আসিয়াছি—দেথ জয়শীল, প্রাণপন চেটা কর, যদি জন্মভূমির কণা মাত্রও হিত্সাধন করিতে পার।

জয় ৷— দেবি ! সংসার মধ্যে যে একক, সে যে ফি অস্থী

তাহা সে স্বয়ং অথবা বিধাতা ভিন্ন কেহই অনুভব করিতে পারে না, এই মগধরাজ্যে বোধ করি মৃত মহারাজ্ঞ বীরেন্দ্র সিংহের পুত্র প্রমথনাথের সমহ;খী কেবল আমিই একাকী। জননি! আমি ক্ষত্রিয় সন্তান, আর্য্যবংশ সন্তুত, পরোপকার সাধনে প্রাণ পর্যান্ত গণ, মগধ আমার জন্ম ভূমি, জন্ম ভূমির হিতচিন্তা আশৈশব করিয়া আসিতেছি আজও করিব। এই আমি আপনার সমক্ষে অসিম্পার্শ বরিয়া (অসি ম্পার্শ) শপথ করিতেছি, প্রমথনাথের বিপক্ষে সমগ্র মগধ রাজ্য এমন কি সমগ্র ভারতবর্ষও যদি একত্র সমবেত হইয়া রণভূমে অবতীর্ণ হয়, তথাচ আমি প্রমথনাথকে মগধের সিংহাসনে বসাইব।

- যোগিনী।—বংস জয়ণীল! বুঝিলাম মগধের তুমিই এক মাত্র রক্ষক, তৎপর হও, বিধাতা অবশ্যই স্প্রসন্ন হই— বেন। বংস! আমি এক্ষণে আসি আর বিলম্ব করিব না, সাক্ষ্য সমীরণ বহিতেছে সক্ষ্যা সমীপাগতা, উপা-সনার সময় হইয়াছে।
- জয়।—জননি ! বলুন্কবে আর কোথায় আপনার ঐচরণ পুনঃ দর্শন করিব।
- যোগিনী।—আমি এই মগধেই রহিলাম ইচ্ছা হইলে বিশ্বেপর মন্দিরে যাইয়া আমার সহিত সাক্ষাৎ করিও,
 এক্ষণে চলিলাম। বৎস আশীর্কাদ করি প্রতি পদে
 বিজয় লাভ কর। (যোগিনীর প্রস্থান)

জয়।—আহা এমন রূপ লাবণ্য ত কখন দেখি নাই, সদত ঈশ্বরোপাসনায় নিযুক্ত, আহার নাই নিদ্রা নাই কিন্তু তরুও শরীরের লাবণ্য কিছুমাত্র অন্তর্হিত হয় নাই। যোগিনী মনে করিয়াছেন আমি তাঁহাকে চিনিতে পারি নাই। আহা! অপত্যক্ষেহ কি প্রবল।

প্রস্থান।

পঞ্চমাঙ্ক।

প্রথম গর্ভাক্ষ।

বিধেশব মন্দিব।

থামাজ-মধ্যমান।

নেপথ্য। ছি ছি পরেরি উপাসনা, করিতে কেন হে বিধি! স্ক্রিলে ললনা। অনুগমা রূপে গুণে, করি, কি ভাবিয়ে মনে, দলিত কর চরণে; হরি স্বাধীনতা-ধনে করি চির-পরাধীনা। কেননা বিজনবনে, বন-হরিণীর সনে রাখিলে কামিনীগণে, তাহলে বিষাদে বিধি! কাদি নারি মরিতনা॥

যোগিনী। কি দোবে বিধাতা হেন নিদারুণ শাপ
দিলেন কামিনীকুলে কুলবতী করি।
একি পক্ষপাত। হুই হস্ত হুই পদ
শ্রবণ নয়ন হুই, হৃদয় সমান,
নিক্ষ নহেত নারী নর-কুল হতে
কোন গুণে, তবে কি কারণে এভারতে
এত হুঃখ সহে অবলা অঙ্গনাগণ।
শৈশবে জনক-গৃহে পিতার অধীনে
হুইয়ে পালিত স্নেহ মমতার বসে,
পুনঃ পরাধীনা পরে পতি-প্রেম-রসে
সরস যৌবন কালে, বার্দ্ধক্যে আবার

একি : অপত্য অধীনে হত্যুকালাবধি,
আজীবন পরাধীনা ! এই কি বিধাতা
তব সর্বজীবে সমদরা সমদান ?
অক্ষম অবলা-কুল বল কোন্ কাজে ?
পারে না কি তারা তীর ধন্ন তরবারি
ধরিতে করে সজোরে, করিতে সংহার
রণ-রঙ্গভূমে শক্র ভীম পরাক্রমে ?
পারেনা কি পালিবারে পুত্র নির্কিশেষে
প্রজাপুঞ্জে, দমি হুফৌ শিফৌ পুরস্কারি ?
যাইতে সাগর পারে বাণিজ্যের তরে,
উড়ারে পতাকা পুঞ্জ অকুতো সাহসে ?
আরোহিতে বাজীপৃষ্ঠে অটল অচল
ক্রুত ইর্মদ-বেগে ধাইতে সংগ্রামে !

আনিয়া। আড়া ঠেকা।
পাপের প্রতিষ্ঠা ভবে হতেছে দিন যামিনী,
বিপরীত বিধি নদী প্রতিকুল প্রবাহিনী।
কাটিয়ে কমলদলে, শোবাল শালুক ফুলে,
নির্মাল সরসী জ লে, আদরে রোপিলে,
বিধুরে বিদায় করি, খদ্যোতিকা কর ধরি,
নভ সিংহাসনোপরি, বসালে আনি॥
কপি কঠে রত্বহার, কাকে করে অধিকার,
পিকের যশ বিস্তার, একি অবিচার,

স্বর্গের উন্নতাসনে, ছ্রন্ত দানবগণে, কাঁদে দেবেন্দ্র বিহনে, শচি পৌলম নন্দিনী॥

"শাস্তং পদাসনস্থং শশধব মৃকুটং গঞানজুং ত্রিনেত্রন। শূল° বজ্ঞ থজাং পবশুনপি ববং দক্ষিণাক্ষে বহন্তম॥ নাগাং পাশঞা ঘণ্টাং ডমকক সহিতং চাস্থ্যং বামভাগে। নানালাদাব দীপ্তং স্ফুটিক কনি-ভিং পাক্ষভীশং ভজামি॥ বন্দে দেব মুমাপভিং স্থাবাং, বন্দে জণাত কাবণ। বন্দে পার্গ ভূষণং মুগধাৰং, বন্দে পশুনা পতিম॥ বন্দে ভ্রা শশাস্থ বহি ন্যনং,বন্দে মৃকুদ্ধ প্রিয়ণ। বন্দে ভক্ত জনাধ্যঞ্চ ব্যাং, বন্দে শিবং শস্ক্ষম॥"

ভগবন ! প্রসন্ন হউন্ দাসীরে দয়া করুন্, অনাথিনীর স্তবে তুই হউন্, দাসীর আর কেহই নাই যে এই বিপদে সহায়তা সাধন করে, এই অবনীগগুলের যাবতীয় সুখে ত জলাঞ্জলি দিয়াছি, অনস্ত অন্ধকারময় অমানিশায় একমাত্র দীপ লইয়াছিলাম তাহাও নিবিল।

জয়শীলের প্রবেশ।

় এস বৎস, শারীরিক কুশলত ?

জয় — ভগবতি! আপনার জীচরণ আশীর্কাদে শারীরিক কোন অসুখ নাই।

যোগিনী।—মগধ রক্ষার কি কিছু উপায় করিতে পারিয়াছ? জয়।—জননি! যে অবধি আপনি ঐ মহামন্ত্র প্রদান করি-য়াছেন সেই অবধি দিন যামিনী আমি ওই চিন্তাই করিতেহি ও উহার প্রতি বিধান চেফী করিতেছি এবং অনেক তুর কুত কার্য্যও হইয়াছি।

যোগিনী।—মগথে তোমারই জন্ম সার্থক—জননী যে কত
কন্ট ও ফাতনা সহ্য করিয়া সন্তানকৈ লালন পালন
করেন্ তাহা অব্যক্ত, প্রস্ত্তীর সমস্ত আশা ভরসাই
সেই সন্তানের উপর, সেই সন্তান যদি জননীর মুখোজ্জ্বল
করে তাহা হইলে জননী কত সুখী হন্।—তা দেখ এই
বস্থাবা দেবী সমস্ত জীবেরই লালন পালন করিয়া
থাকেন, তোমার জননী কেবল তোমারই ভরণ পোষণ
করিয়াছেন মাত্র; মাতার ঋণ পরিশোধ হয় না। প্রকৃতি
স্থাকরী বিশ্বজননী—তাঁহার ঋণ ভবধামে অসংখ্য বার
জন্মগ্রহণ করিয়াও পরিশোধ করিতে পারা যায়
না। কিন্তু তুমি যে এতদূর আয়াদ স্বীকার করিয়াছ
ইহাতে আমি যৎপরোনান্তি সুখী হইলাম।

জয়।—মা আমি সমস্ত সেনাগণকে আমার মতানুবর্তী করিয়াছি ও রাজসভার অধিকাংশ সভ্যকে একপ্রকার আয়তে আনিয়াছি, এখন আপনার আশীর্কাদ ও বিধা-তার ইচ্ছা, অনুমতি হয়ত আমি এক্ষণে আদি। আজ বোধ করি হুরাত্মা অংশুমান আপনার জীচরণ দর্শনে আসিবে এখন আনি চলিলাম।

যোগিনী।—বৎস ! ঈশ্বর তোমায় দীর্ঘ-জীবি করুন, মগথের
মুখোজ্জুল কর, ধর্মের অবশ্যই জয় হইবে।

জয়শীলের প্রস্থান।

জয়শীল যে এত মহতাশয় আমি অবগত ছিলাম না, আর মগধে আসিয়া যে এতদূর ক্তকার্য্য হব তাও স্বপ্নে একদিন অনুভব করি নাই। ভগবন প্রসায় হউন্।

বাজা অংশুমানের প্রবেশ।

আপনি কে এবং কি মনন করিয়া এই নিশীথ সময়ে এস্থানে আগমন করিয়াতেন ?

- তাংশু।—এ কিন্ধব মগধের অধীশ্বর, মগধে ভবাদৃশ ঈশ্বর

 চিন্তা নিরতা যোগিনীর পদার্পণ হওয়াতে মগধের কি
 সোভাগ্য ও গৌরব তা আমি এক মুখে বলিতে পারিনা—
 কয়েক দিবস হইলআপনার শীচরন দর্শন করিতে ক্তত—
 সংকল্প হইয়াছিলাম কিন্তু কার্যানুরোধে ক্ত মনোরথ
 হইতে পারি নাই। এদাস অজ্ঞতম, রাজ্যশাসন হ্রহ
 ত্রত, একাকী সহত্র সহত্র লোকের মনোরঞ্জন করিতে
 হয়—কলিদেবের আগমনে ধরা হইতে সত্য প্রায় একবারে
 তিরোহিত হইয়াছে, ছটের দমন শিটের পালন ও
 প্রজাপুঞ্জের স্থান্থেবন করাই ভূপতির কর্ত্রিয় কর্ম—
 ভগবতি! এই সকল মাদৃশ অনভিজ্ঞজনের দারা যে
 স্কারু রূপে সম্পাদিত হইতেছে ইহা বলিতে পারি না,
 তবে প্রাণপণে যত্ন করিতেছি।
- যোগিনী।—বৎস! তোমার সহিত বাক্যালাপে পরম পরিতুষ্ট হলেম্ তুমি কি উদ্দেশে এই স্থানে আগমন করিয়াছ ?
- অংশ্য জননি! ভবাদৃশ স্পবিণাম দর্শিনী যোগিনীর

নিকট আর কি উদ্দেশে আদিব, রাজানুশাদন ও মোক্ষ ধর্মের কিঞ্চিৎ উপদেশ গ্রহণ করিতে— (দৈববাণী),—— 'মগধেশ্র দাবধান হও স্থবিচার কর, প্রমথনাথ তোমার ভাতুষ্পুত্র, প্রবঞ্চনা করিও না— মগধের ধংশ অতি নিকট দাবধান! সাবধান!'' (দচকিতে) দেবি! ভগবতি! জননি! একি! অক্সাৎ একি! দৈববাণী!

যোগিনী। বৎস ! ভয় নাই দেবতার কার্য্যই এই, সকলকেই উপদেশ প্রদান করিয়া থাকেন, তাহাতে তোমার ভয় কি ? স্থবিচার স্থাপন করিয়া ধরা শাসন কর পদে কৃশাঙ্কুর ও বিধিবে না।

আংশু।—জননি! আমার অত্যন্ত ভয় হইতেছে, এরপ দৈববাণী কখন আমার শ্রেচতিগোচর হয় নাই আমার হৃৎকম্প হইতেছে অনুমতি হয়ত এক্ষণে আদি।

যোগিনী।—বংস তবে এক্ষণে বিদায় হও, ভয় নাই,

অংশুমানের প্রস্থান।

পঞ্চান্ত।

দ্বিতীয় গৰ্ভাঙ্ক।

বাণকক বাজপ্রাসাদত্ত সভাগৃহ।

বাজ অংশুমান মস্ত্রি কোষ ধ্যক্ষ **ও প**তিতপাবন আসীন।

পতি।—রাজন্ আপনার আবার বিপদ কি। আপনার
বাত্বলে যাবদীয় করপ্রদ রাজগণ একবারে যোড়হস্ত,
আর মগধের বিপক্ষে অস্ত্র ধারণ করে ধরামধ্যে এমন
প্রতাপশালী বীরপুরুষ ত অদ্যাপি সমুদ্যাবিত হয়
নাই, আরও বলি এদাসেরা কিঙ্কর পদবীতে জীবিত
থাকিতে আপনার ভয় কি ?

আংশু।—আমার কি হইরাছে তোমরা কিছুই অনুভব করিতে পারিভেছ না—অনুতাপানলে আমার হৃদয় একবারে দক্ষ হইয়া যাইতেছে (সচকিতে) ঐ শুন আকাশে কি দৈববাণী হইতেছে—মন্ত্রি! তুমি রাজত্ব কর, আমি বা উন্মাদগ্রস্থ হই। (সচকিতে) ঐ আবার! মন্ত্রি পতিতপাবন আমার কি হবে, আমি যে আর কোনমতে স্থির হইতে পারিতেছি না, যাই, আমি বনে যাই অবশিষ্ট কাল ঈশ্বর সেবায় যাপন করি। (সচকিতে) ঐ শুন! গগনমার্গে কে অপরিক্ষ্টি স্বরে কি বলিতেছে, আমার অবনীতে আর স্থান নাই, বিধাতা বিমুধ আমি যাই—চলিলাম—এই যাই, মন্ত্রি

তুমি রাজ্য শাসন কর আমার মহাধাতার সময় উপস্থিত—যাই, যাই, এই গেলেম।

অংশুমানের প্রস্থান।

মিক্তি।—কি সর্বনাশ। মহারাজ কি এমন সময়ে আবার পাগল হলেন।

পতি।—মন্ত্রি মহাশয় আপনারা ভাবিত হইবেন না,
আমি শীঘ্রই মহারাজকে এই অবস্থা হইতে অন্তর
করিতেছি—মানদিক পরিবেদনার কারণ অবগত
হইলেই দময়োচিত কার্য্য করিয়া বোধ করি কিঞ্চিৎ
পরিমাণে ভাঁহার মনের স্কুস্তা সম্পাদন করিতে

কোষা।—কমলে কীট প্রবেশ করিলে কি আর সে কমল
পুনঃ প্রস্ফুটিত হয় ? জীবন দীপ একবার নির্বাপিত
হইলে কি আর পুনরুদ্দীপ্ত হয় ? যে হৃদয় একবার
পুত্র শোকে দগ্ধ হইয়াছে দেই হৃদয়ে যদি
সহস্র সহস্র বার পুত্রোৎপাদন-জনিত আনন্দ,
অনুভূত হয় তত্রাচ দেই হৃদয়িদারক পুত্রশোক দেই হৃদয়ে আজীবন বর্ত্তমান স্বরূপ অক্কিত
থাকে—মহারাজের অন্তঃকরণ এক্ষণে অনুতাপানলে
দগ্ধ হইতেছে—হিং সারূপ কালকণি দিবানিশি দং শন
করিতেছে, সুখ কোথায় ? পাপ ভারে কলেবর
একবারে এত ভারবহ হইতেছে যে জীবন ধারণে আর
অভিলাব নাই কাজেই উন্মাদ হবেন বৈত্যার কি। প্রকৃতির

রীতিই এই মনুষ্য অধিকক্ষণ রোদন করিলেই সে অচিরাৎ নিদ্রা যাইবে কিয়া বাহুজ্ঞান শূন্য হইরা নিস্তব্ধ থাকিবে; প্রলয়ের পর জগত স্তম্ভিত হয়। যেমন মনের প্রদন্তা পুণ্যের পুরস্কার, আত্মপ্রানি ও দেইরূপ পাপের প্রায়শ্চিত, অনুতাপে পাপের অনেক লাঘব হয় কিন্তু আবার এমন পাপও আহে যাহার প্রায়শ্চিত্ত ইহলোকে হয় না।

রাজার প্রবেশ।

- আংশু। কি, এত বড় স্পর্জা আমাকে রাজাচ্যুত করিবে, আমি কি কাপুরুষ হীনবল আমার কি সৈন্য সামন্ত কিছুই নাই, তোমরা এতদূর অক্তজ্ঞ, আমি এই এতদিন তোমাদিগকে পিতার ন্যায় পালন করিয়া আসিলাম্ সে সকলি নিম্ফল! সকলি বিস্ফাতির আমে পড়িল! তোমরা বিশ্বাসঘাতক, দূর হও কাহারও মুখ দেখিতে চাই না।
- পৃতিত। রাজন্ একি অন্যায় আজ্ঞা করিতেছেন, আজীবন আপনার অন্নে উদর পোষণ করিয়া আজ কি না বিখাস , ঘাতক হইব। যে রাজা আমাদিগকে চিরকাল পুত্র নির্বিশেষে পালন করিয়া আসিলেন আজ কি না তাঁহার বিপক্ষতাচরণ করিব। পুত্রের কি পিতার প্রতি এই ব্যবহার! আপনি ভ্রমেও এমন ভাবনাকে অন্তরে স্থান দিবেন না, আজ্ঞা করুন এই দণ্ডে পালন করিব, জীবন কৈ ছার ইছলোকে যদি তাহা অপেক্ষা ও মনুষ্যের অন্য

কিছু প্রিয়তর বস্তু থাকে তাহা প্রদান করিলে যদি আপনার বেদনার অনুমাত্র ও উপশম হয় তাহাও অকপটচিত্তে প্রদান করিতে প্রস্তুত আছি, এ দাসকে কখনই অন্যতর ভাবিবেন না।

আংশু। আহা। পতিতপাবন ঈশর তোমার মঞ্চল করুন্,
তোমার বচনে আমি পরম পরিভুষ্ট হইলাম, কিন্তু
এজগতে আমার আর কিছুই প্রার্থনা নাই, আআ
ঈশরে লীন হইলেই নিশ্চিন্ত হই, এ বিষময় সংসারে
থাকিতে আর এক দণ্ডও ইচ্ছা নাই—(সচকিতে) জননি।
ঈশরি। প্রসন্না হউন আমি এ জন্মে আর কখনই পাপাচরণ করিব না আমার ভব লীলা সমাপন হইয়াছে—
আমি।—
সূচ্ছা

(সকলে) একি হল মহারাজ যে মূর্চ্ছ পিন্ন হলেন। পতিত।—হে রাজন্মগধের কি হুর্দিশা করিয়া যাইতেছেন, একবার ভাবুন অনাধা প্রজাপুঞ্জ —

অংশু। (অজ্ঞানাবস্থায়) বিদ্যাবহী তুমি সাধী সহী একান্ত, পতিরতা তোমার অভিসম্পাতে আমার।—

পতিত। মহারাজ: মহারাজ। গাত্রোপান করুন।

আংশু। (অজ্ঞানাবস্থায়) প্রমথনাথ তুমি যথার্থই বীরেন্দ্র সিংহের ঔরসজাত পুত্র, তৎসদৃশ সরল শিশুকে এতাদৃশ মর্মাবেদনা প্রদান করিয়াছি বলিয়াই এক্ষণে হৃদয়।—(গাত্রোম্থান) মন্ত্রি তোমরা এক্ষণে এস্থান হইতে গমন কর আমার অত্যন্ত ক্ষ হইতে:ছ কিঞ্চিৎ বিশ্রাম করিব। পতিতপাবন তুমি থাক।

(মন্ত্রি ও কোষাধ্যক্ষ্যের প্রস্থান।)

- পতিত। মহারাজ এ দাসের মিনতি রক্ষা করুন, বলুন আপনার অন্তরে কি ভয়ানক ভাবের উদয় হইয়াছে, দিবানিশি সশস্কিত, ক্ষণে ক্ষণে বিশিতের ন্যায় বিহ্বল নয়নে ইতস্ততঃ দৃফিপাত করিতেছেন, আপনার এত ছঃখ দেখিতে পারি না, এই দণ্ডেই প্রতিবিধান করিব।
- অংশু। পতিতপাবন আমাব হৃদয় কন্দরে যে দারুণ অগ্নি জুলিতেছে তাহার নিকাণের উপায় থাকিলে আমি অবশাই তোমার নিকট বলিতাম।
- পতিত। আপনি বলুন আনি নিশ্চয় বলিতেছি যে ঈশ্বরেচ্ছায় এদাস অবশ্যই কোন না কোন উপায় উদ্ভাবন
 করিতে সক্ষম হইবে।
- অংশু।—কি অশুভক্ষণে বিশ্বেশ্বর মন্দিরে ভৈরবী দর্শনে গিয়াছিলাম সেই অবধি আমার জাগ্রতে নিদ্রায় কিছুতেই আর সুখ নাই।
 - পতিত। কেন মহারাজ। সেখানে কি হইয়াছিল ?
 - আংশু। ভৈরবীর সহিত কথাবার্ত্তা কহিতেছি এমন সময় হঠাৎ একবারে সেইস্থান প্রস্থান গলে আমোদিত হইল এবং অব্যবহিত পরে বজু গন্তীর স্বরে কে যেন বলিল— (সচকিতে) ঐ আবার!

পতিত। মহারাজ বলুন, ভয় কি ? আপনি এত চম্কে উঠিতেচেন কেন এখানে ত ভয়ের কোন কারণ নাই ? আংশু।—বলিল ''অংশুমান তুমি সাবধান হও, স্থবিচার স্থাপনকর, প্রমথনাথ তোমার আতৃষ্পুত্র প্রবঞ্জনা করিওনা, মগধের ধ্বংশ অতি নিকট সাবধান। সাবধান।" পতিত।—মহারাজ। তারপর ?

আংশু। সেই অবধি আমার নয়ন সন্মুখে এক ভীষণ মুৰ্জী অনবরতই ঐ কথা বিকট বদনে বলিতেছে। (সচকিতে ইতস্তত দৃক্টিপাত) এবং তাহার ভীম বাহু প্রসারিয়া আমার গলদেশ ধরিতে আসিতেছে।

পতিত। মহারাজ আপনি এত ভীত হচ্ছেন কেন আপনি বীরপুরুষ দশ লক্ষ যোদ্ধার সন্মুখেও আপনার ভয় হয় না।

অংশু। সে সকলি সভ্য কিন্তু (ক্ষণেক নিস্তব্ধ)

পতিত। মহারাজ প্রমথনাথকে যেদিন মগুধে বন্দী করিয়া
আনিলেন সেই দিন অবধি ত এ দাস বলিতেছে যে

দুরাত্মার অবিলয়ে বধসাধন করুন্, দুই রাজ্যের কন্টক,
শক্রর প্রতি সদ্ব্যবহারে প্রয়োজন! শক্রর সহিত শক্ততাচরণ করিতে হয় দেখুনদেখি আপনার কি শোচনীয়
অবস্থা, আপনি রাজরাজেন্দ্র মগুধের স্মাট ভারতবরীয়
প্রায় সমস্ত রাজগণ আপনার করপ্রদ আপনি মুহুর্তের
জন্যও স্থা নন আপনাকে বুঝায় এ জগতে এমন
পুরুষ কেহই নাই, প্রগলভতা মার্জনা করিবেন এদাসের

পরামর্শ গ্রহণ করুন, এই রাজ্য ও আপনার জীবন নিস্কণ্টক করুন, কিজ্বন্য জীবন পরিত্যাগে ক্তত-সঙ্কণ্প হইয়াছেন, শৃগালের ভয়ে জীবন বিসর্জ্জন। অনুমতি করুন এই মুহুর্ত্তেই তার ছিন্নমন্তক রাজসমীপে আন্মন করি।

অংশু। পতিত এসকল আমার সাধ্যায়ত্ত, কিস্কু যদি প্রজাগণ বিপরীতাচরণ করে তখন কি হইবে—

পতিত! প্রজাগন রাজার বিপক্ষে অসিধারন করিবে, এ
অত্যন্ত অশ্চর্য্য কথা, ছাগের কি এমন সাহস হয় যে সে
সিংহের সন্মুখে যুদ্ধার্থী হইয়া দগুরমান হয়, আর
যদি হয় তাহাতে সিংহের ভয়! একথানিতান্ত অলীক,
সাগরসঙ্গমে সাগর তরঙ্গে ও নদী তরঙ্গে প্রতিঘাত
হইলে কি সাগর তরঙ্গ হীনবল হইয়া সলিলে বিলীন
হইয়া যায়। মহারাজ সে চিন্তা করিবেন না, নির্মাল
আকাশে শশিই রাজত্ব করিবে তারকামালা অসংখ্য
হইলেও তাহারা যে নক্ষত্র সেই নক্ষত্র, শশির সমক্ষে
হীন প্রভা হইবে—আপনি মগ্রে ইচ্ছানুযায়ী কার্য্য
অনায়াসে নিশঙ্ক চিত্তে সম্পন্ন কর্ফন।

অংশু। প্রজাপুঞ্জ যেন কিছুই করিতে পারিল না, মগধের বিশ্ববিজয়ী সেনাগণ ক্রোথে উন্মন্ত হইলে কে সে বেগ সহ্য করিবে ? পর্বতি শিখরচ্যুত উত্তবণ যথন নদীরূপ ধারণ করিয়া প্রবলবেগে প্রধাবিত হয় তথন কি আর তার সন্মুথে কিছুই তিন্ঠিতে পারে ? লোহময় প্রাচীর দিলে তাহাও ছিন্ন ভিন্ন করিয়া দেই ভ্রোত তাহার ইপ্সিত পথে গমন করে, পতিতপাবন যে কর্ম করিতে হইবে অগ্রে তাহা সর্কাঙ্গ স্থাদর হইবে কি না ভাবিয়া তবে হস্তার্পণ করিতে হয়, নহিলে আজীবন অসুতাপে হাদয় দক্ষ হইবে।

পতিত। আপনি কি মগধের সেনাসমূহকে এমনই অকৃতজ্ঞ ভাবেন যে তাহারা আপনার প্রতিকুলে সমরানল প্রজ্বলত করিবে। যাঁহার অন্নে তাহাদিগের সপরিবার প্রতিপালিত তাঁহার বিপক্ষে অন্তর ধারণ। একথ। স্বপ্ন সম তবে পুত্র ও পিতাকে বধ করিবে, পৃথিবীতে ত আর ধর্ম থাকিবে না ৷ আরও বলি যে দিন প্রমথনাথকে হুর্গে দেনাপতির হস্তে প্রদান করেন সে দিন ত দেনাপতির মনোগত ভাব সকলি বুঝিতে পারিয়াছেন, আর সেনা-পতির স্বভাবও আপনি সম্যক রূপে বিদিত আছেন তাঁহার প্রভুভক্তি, ক্বজ্ঞতা, বিনয়, সাহস ও বীরত্ব অলোকিক তিনি যখন আপনার মতাবলয়ী তথন কি সেনাগণ আর মস্তকোতলন করিতে পারে, আর ফদিই করে কর্ণধার িহীন তরণি কতক্ষণ প্রার্টকালের সাক্ষ্য প্রবল কটিকায় ভাদিয়া থাকে? দে চিন্তা দূর করুন, সেনাপতি আমাদিগের পক্ষে থাকিলে সেনাগণকে ভয় कि, लक्क स्मय अकल इहेल ७ कि समय्रीनकरक নিখন করিতে পারে ? মহারাজ ! আপনি কি এক বারে জ্ঞান শূন্য হইয়াছেন ? যে অনুমতির অপেকা করে সে কি একজন সন্ত্রান্ত লোকের সহিত কলহ করিতে পারে, মাতৃগর্ভে থাকিয়া মাতার সহিত বিবাদ !

আংশু। পতিত পাবন আমি জানিতাম তুমি পাগল তোমার
যে এত দূর বুদ্ধি আছে তা আমি এত দিন অবগত
হিলাম না, তোমার বাক্য কি পর্যান্ত জ্ঞানপূর্ণ
তা আর কি বলিব, তুমি কি এমন আশা কর যে
ুআমি এই উপস্থিত বিপদ হইতে মুক্ত হইতে পারিব।

পতিত। মহারাজ! বিপদ থাকিলে ত উপায় চেষ্টা। আপাতত আমি আপনার কোন বিপদ উপস্থিত দেখি না দাসের পরামর্শ গ্রহণ করুন প্রমথ নাথের দণ্ডাজ্ঞা শীঘ্রই প্রচার করুন।

অংশু। আমার কোন মতেই বিশ্বাস হইতেছে না যে আমি এই ত্বরাহ ত্রতে লক্ষ মনোরথ হইব। পতিত পাবন—

পতিত। রাজন! শীঘ্রই প্রমথ নাথের দণ্ডাজ্ঞা প্রচার করুন, আমি শপথ করিয়া বলিতে পারি অনুমাত্রও বিদ্ন হইবে না।

জংশু। পতিত পাবন আমি তোমার পরামর্যানুসারেই
চলিব অদৃষ্টে ঈশ্বর যাহা লিথিয়াছেন তাহা ঘটিবে
কেহই নিবারণ করিতে পারিবে না।

প্রতিহারীর প্রবেশ।

অংশু। প্রতিহারি। তুমি অবিলয়ে মন্ত্রি মহাশয়কে আমার প্রণাম জানাইয়া সঙ্গে লইয়া আইম।

প্রতিহারির প্রস্থান।

পতিত পাবন! বিশেশর মন্দিরে এক যোগিনী এসেছেন তাজান।

পতিত। আমি তাকে বিলক্ষণ রূপে জানি দে মাগি বিষম কপটাচারিণী, সে কখন ঈশ্বর চিন্তা নিরত। যোগিনী নছে।

(মন্ত্রির প্রবেশ।)

মন্ত্র। মহারাজের জয় হউক, মহারাজ শারীরিক ুসুস্থ আছেন ত. এমন অসময়ে আমাকে আহ্বান করাতে অহান্ত শঙ্কা উপস্থিত হইয়াছে কোন বিপদ ত ঘটে নাই? অংশু। মক্তি তোমার অবিদিত কিছুই নাই গত কান্য– কুজের সহিত যুদ্ধের পর অবধি আমি কি রূপ মানসিক যাতনা ভোগ করিতেছি—প্রকৃত পক্ষে প্রমথনাথই আমার এই অসহনীয় যাতনার একমাত্র কারণ, আমি অনেক বিবেচনা করিয়া স্থির করিয়†ছি যে রাজ্যের কণ্টক স্বরূপ প্রমথনাথ কে জীবিতা-বস্থায় রাখিব না। কাল বৈকালে বিশেশব্রমন্দির সমুথে বধা ভূমিতে আনয়ন করিয়া তাহার বধ সাধন করিব। তুমি আজই নগর মধ্যে ঘোষণা কর য়ে প্রমথ নাথ মগধেশ্বরের বিপক্ষে বিদ্রোহ উপস্থিত করাতে তাহার প্রাণ দণ্ডাজ্ঞা হইয়াছে, কাল বৈকালে বধ্য ভূমিতে তাহার বধ কার্য্য সমাধা হইবে। মক্রি। রাজন্। প্রমথ নাথ বালক ভাহার প্রতি এমন কঠিন আজ্ঞা অপেক্ষা নিৰ্বাসন বিধি হইলে ভাল হইত না ?

- অংশু। মন্ত্রি প্রগল্ভতা পরিহার কর, আমি যে রূপ বলিলাম সেই রূপ কর তোমার মতামতের আবশ্যক নাই।
- মন্ত্র। রাজাজ্ঞা শিরোধার্য্য—আমি এই দণ্ডেই রাজাজ্ঞা নগর মধ্যে ঘোষণা করিতেছি।
- অংশু। দেখ বিলম্ব না হয়। আমি এক্ষণে অন্তঃপুরে চলিলাম।

(সকলের প্রস্থান)

গঞ্চমাস্ক

তৃতীয় গর্ভাঙ্ক।

বধ্য ভূমি

অদূরে বিশেশবর মন্দির।

রাজা মধি কোষাধ্যক দেনাপ্ডি প্তিতপাবন ও জন্যান্য রাজ ক্ষাচারি আসীন।

হস্ত পদ বদ্ধ প্রমথনাথকে লইয়া একজন সৈনিকের প্রবেশ।

- আংশু। প্রমথনাথ তুমি কি সাহসে মগথের বিপক্ষে সমরানল প্রজলিত করিয়া হিলে ?
- প্রমথ। আমি যে সমরানল প্রজ্বলিত ক্রিয়া ছিলাম একথ। আপনাকে কে বলিল ?
- অংশু। কপটতা পরিত্যাপ কর, সত্য কথা কও, এখনও তোমার বাঁচিবার আশা আছে। তুমি কেন মগধের বিপক্ষে সংগ্রাম বাসনায় কান্যকুক্ত পতির সহিত মিলিত হইরা অনর্থক আমাদিগকে এতাদৃশ ক্লেশ প্রদান করিলে?
- প্রমথ। রাজন, আপনি অন্যায় আজ্ঞা করিতেছেন আমি বালক যুদ্ধের কি জানি আর আপনার সহিত যুদ্ধে আমার লাভ কি, আমার কি সংগ্রাম উপযোগী দৈন্য সামন্ত কিয়া অন্ত্র শস্তাদি ছিল, না আছে, আমার

অপরিনাম দর্শিনী জননীই আমার এই বিপদ সাগরে অবতীর্ণ করিয়া গিয়াহেন আর তিনিই এই যুদ্ধের এক মাত্র কারণ।

অং শু। তবে তুমি কেন তাঁছার সহিত মিলিত হইলে?

- প্রমথ। ধরণী ধামে জননী ভিন্ন আমাব কেইই নাই, তিনি যে পথে পদার্পণ করিয়া িলেন আমাকে ইচ্ছা না থাকিলেও তাঁহার অনুগামী হইতে হইয়াছে, কারণ আমার উপায়ান্তর ছিল না।
- অংশু। রাজার পাপে রাজ্য নই হয় ও প্রজাপুঞ্জ অংশব বিশ্ব বাতনা ভোগ করে, তুমি জান তেমনি প্রস্থৃতির পাপে পুত্রও কই ভোগ করে, তুমি যদিও তোমার সম্পূর্ণ নির্দোষ।তা সপ্রমাণ করিতে পার তত্রাচ আমি তোমার দশু বিধান না করিয়া নির্ভ হইতে পারি না ? অধুনা ভোমার মাতা উপস্থিত নাই।
- প্রমথ। রাজন ! এ কেমন বিধি, আমার জননী দোষিণী তিনি উপস্থিত নাই বলিয়া সেই দণ্ড আমার প্রতি বিহিত হইবে, একের অপরাধে অপরের দণ্ড এ বিচার ভবৎ সদৃশ নৃপকুল শ্রেষ্ঠের উপযুক্ত নয়।
- অংশু। তোমার কথা বার্তা ত কোন বিধায়েই বালকের
 ন্যায় নহে।
- প্রমথ। যেহেতু আমি আপনার সমুখে বন্দী। আপন নার অন্তঃক্রণে কি দয়ার লেশমাত্র নাই আমি বালক শত্রু হইলেও ক্ষমনীয় তাহাতে আবার আতু-

ষ্পুত্র আমার জীননে আপনার কি অনিষ্ট হইতে পারে।

- অংশু। মন্ত্রি! আর নয় শীঘ্রই ছ্রাত্মার বধ কার্য্য সমাধা কর কি জানি যদি হৃদয়ে মমতার উদ্রেক হয়।
- মক্ত্র। মহারাজের আজ্ঞা শিরোধার্য্য কিন্তু বালকের বধে ভবাদৃশ ভূপতির কেবল হুর্ণাম মাত্র, বীরত্বের চিহুমাত্রও নাই।
- প্রমথ। (সরোদনে) রাজন্ আনি রাজ রাজেন্ত্রীরেন্ত সিং-হের পুত্র হইয়া আজ কি না ভিখারী, বিধাতা তাহা-তেও সন্তুষ্ট নছেন, আবার আপন রাজ্যে আপনি বন্দী, ক্ষণ কাল বিলম্বে জীবন শিখা নির্বাপিত হইবে। আপনি পিতৃব্য কোথায় পিতৃইন ভ্রাতৃষ্পাত্রের প্রতি অধিক তর স্থেহ মমতা প্রকাশ করিবেন, না বন্দী করিয়া বধ্য ভূমিতে আনয়ন করিয়াছেন। (সহসা) ভূমি মগধ রাজ-कूल कलक তোমার পাপে মগধ कलूषिত इहेशाएइ, আমি অকালে মরিলাম তাহাতে কিছুমাত্র হুঃখিত নহি বিধির ইপ্সা কে খণ্ডাইতে পারে কিন্তু ঈশ্বর যে তোমার পাপের কি প্রারশ্চিত বিধান করিবেন তাহা একবার ভাবিলে না। তুমি অসংখ্য নরকুল পালক ভোমার কি কিছু মাত্র জ্ঞান নাই (ক্ষনেক মিস্তব্ধ) শীঘ্ৰই রাজাজ্ঞা সমাধা হউক আর কেন।
- অংশু। এখন প্রাণ ভরে তোমার জ্ঞান জন্মাইয়াছে।

কিন্ত যুদ্ধের পূর্বে তোমার এরণ জ্ঞান হয় নাই, বিপদ্কে আহ্বান করিতে হয় না আপনিই আইসে।

প্রমথ। আর কেন নিজ্ রোজনে কতকগুলো গর্ক ও স্বার্থ-পর কথা বলেন, আমি ক্ষত্রিয়সন্থান, প্রাণ ভয়ে ভীত নহি,—জগতে কে এমন স্বার্থশূন্য মনুষ্য আছে যে অপরে তাহার সর্কান্থ অপহরণ করিলে ও সে বিনা বাক্যব্যয়ে নিজ্কা থাকে, আমার পিতৃরাজ্য লাভের জন্য অন্যের সহায়তা সাধনে সমরাঙ্গনে অবতীর্ণ হইরাছিলাম; অদৃ্টি-দোষে পরাজয় হটল, এক্ষণে বন্দা। সকলই ঈশ্র-ইচ্ছা! তুমি অনাথ নিঃসহায় বালককে প্রবঞ্ধনা করিয়া তাহার সমস্ত অপহরণ করিয়াও এখন স্থে রাজত্ব করিতেই, আর আমি নিরপরাধে অকালে দস্য কর্তৃক নিহত হইলাম, তুমি নিশ্চিন্ত থাকিও না। জগৎকে মন্ত্রবলে মুগ্ধ করিয়া ভূলাইলে শিন্ত ঈশ্রের নিকট আর সে মন্ত্র খাটিবে না।

অংশু। মন্ত্রি! আর বিলয় কেরিওনা, জলাদকে ডাকাইয়া শীঘাই হুরাখার মস্তকচ্ছেদন কর।

মক্ত্র। রাজাজ্ঞা শিরোধার্য্য। প্রতিহারি ! জ্ঞলাদকে শীঘ্র এই বধ্য ভূমিতে আনয়ন কর।

জয়। রাজন, কিয়ৎক্ষণ অপেক্ষা করুন, বিশেশব–মন্দির– বাসিনী সেই ভৈরবী অনুজ্ঞা করিয়াছেন যেন তাঁহার আগমনের অ্থে বধকার্য্য না হয়, তিনি আগতপ্রায়; আমি ভাঁহার উদ্দেশে দুই তিন জান অনুচরকে প্রেরণকরিয়াছি।

- অংশু। তিনি আর বধ্য ভূমিতে আসিয়া কি দেখিবেন, আর তাঁহারি বা অপেক্ষা কেন ?
- জয়। তিনি আমায় বলিয়াদিয়া ছিলেন এই **জ**ন্যই বলিতেছি।
- অংশু। সে কথার আর আবশ্যক নাই, জলাদ!
- জয়। মহারাজ ! ঐ যোগিনী আসিতেছেন একটু বিলয় করুন।

(যোগিনীর প্রবেশ) সকলের অভিবাদন।

- ধোগি।—রাজন্ আজ এই বধ্য ভূমি এত জনাকীর্ণ কেন ? কাহার জননী আজ মগধে পুত্রীন হইবে?
- আংশু। জননি, একজন বিদোহীর প্রতি প্রাণ দণ্ডাজ্ঞা প্রচার হইয়।ছিল; আজ সেই জন্যই মগধের সমস্ত প্রজাপুঞ্জ হুফের দণ্ড দর্শন করিতে আসিয়াছে। আপনার আগমন অপেক্ষায় এতক্ষণ হুরাত্মার মস্তক-চ্ছেদন হয় নাই এক্ষণে আজ্ঞা করুন।
- যোগি। বিডোছী কে, কোথা হইতে আসিয়াছিল, সেকি মগধবাসী নয়?
- আংশু। সে কথা আর কি বলিব, মগধের বিপক্ষে নিজ্পুরো-জনে সংগ্রাম করিয়াছিল এই জন্যই তাহার প্রাণদণ্ড হইবে।
- (याति। विद्धांशी यूरा ना इफ ?
- জয়। যুবাও নয় র্দ্ধও নয়--- অপ্রাপ্তবয়ক্ষ বালক মাত্র।

- যোগি। রাঞ্জন্বালকের প্রতি এমন কঠিন আজ্ঞা। বালকে এমন কি অনিষ্ট করিতে পারে যে তাহার প্রতি এ নিদা– রুণ আজ্ঞা প্রচার হইল ?
- আং শু। কি অনিষ্ট ! আপনি এমন কথা বলেন ! বামন হইয়া
 শশধর স্পর্শেক্ছা, জারজ সন্তান হইয়া জগদিখাতে মগধসিংহাসনে অভিলাষ, সিংহের সহিত সারমেয়ের স্পর্দ্ধা।

 হুরাত্মা আমার বিরুদ্ধে কান্যকুক্তপতিকে আহ্বান
 করিয়া সংগ্রাম করিল—আবার কি অনিষ্ট করিতে পারে

 —হত্যু হইতে অধিকতর কোন দণ্ড থাকিলে তাহাই
 আমি হুষ্টের প্রতি বিধান করিতাম।
- যোগি। ভাল বৎস, ঐ বালকের দ্বারা কি এতাদৃশ অসন্তব-যোগাযোগ হইতে পারে—আর যদিই হয় তাহাও মার্জ্জনীয়, কারণ অদ্যাণি উহার মানুষী জ্ঞান-উপলব্ধি হয় নাই। অগ্রে বিশেষ অনুসন্ধান করা উচিত আর কে ইহাতে লিগু ছিল—যদি কিছু সন্ধান করিতে পারা যার, তৎপরে এই দেখা উচিত, উভয়ের মধ্যে কে প্রকৃত দোষী, আবার দেখা উচিত কাহার বুদ্ধি মগধের ভাবী অনিটের কারণ, তবে দণ্ড বিধান করিতে হয়।
 - অংশু। আপনি কি এক্ষণে উহাকে মার্জ্জনা করিতে . বলেন ?
 - যোগি। না, আমি এমত বলিনা, তবে বন্দীর মুখে একবার সমস্ত অ'দ্যোপান্ত শুনিতে ইচ্ছা করি ইহাতে মত কি?

- আংগু। তা আপনি অনায়াদেই জিজ্ঞাসা করিতে পারেন তাহাতে আবার মহামহ কি , তবে এই পর্যান্ত বলিতে পারি বেও যেরূপ বলুক না কেন উহার প্রাণ দণ্ড কিছু-তেই রক্ষা হইবে না।
- প্রমথ। জননি ! আর কেন সে পাপকথা শুনিতে ইচ্ছা করেন ? আমার অদৃষ্ট দোষেয়াহা জগদীশ্বরের ঈ্পিত হিল তাহা ঘটিয়াছে আর আমি সে কথা বলিতে ইচ্ছা করি না, অথবা বলিলে ফলই বা কি ?
- ষোগি। বৎসা তুমি বল, কোন ফলনা থাকিলেই কি আমি অকারণ তোমায় অধিকতর মনোবেদনায় আ†ক্লিফ করিতে ইচ্ছা করি ?
- প্রমথ। মা ! আপনি যোগিনী স্বার্থশ্ন্যা, কারণ জগতের সহিত আপনার কোন সম্বর্জই নাই সত্তই ঈশ্বরচিন্থায় নিরত, কিন্তু সাংসারিক লোক মধ্যে কি এমন কোন মনুষ্য আছে যে সে স্বার্থ সাধনে তৎপর নয় ? আমি এই মগধের রাজবংশেই জন্মগ্রহণ করিয়াছিলাম ধনুধ রাগ্রগণ্য প্রকৃতি পুঞ্জের পরম প্রিয়চিকীযু ত্ত মহারাজ বি.রেক্দ

সিংহের পুত্র ! আমার পিতার লোকান্তর হইলে এ রাজ্য আমারি প্রাপ্তব্য, কিন্তু দে সময়ে আমি অপ্রাপ্তবয়ক্ষ থাকা বিধায়ে আমার পিতৃত্য এই পরস্বাপহারী নিষ্ঠুর অ শুনানের হস্তেই এই রাজ্য ন্যস্ত হইয়াছিল। পরে উনি বিশ্বাস-ঘাতকতা কবিয়া আমার ও আঘার হুঃখিনী জননীর প্রতি নির্বাসন বিধি প্রচার করিয়াছিলেন, স্মৃতরাং আমার মাতা সে সময়ে অন্য কোন উপায় না দেখেয়া কান্যকুক্ত পতির শ্রণাগত হইয়াছিলেন: কান্যকুক্ত-পতি আমাদের ছঃথে অত্যন্ত ছঃখিত হইয়া প্রতিজ্ঞা করেন্ বে আমার পিতৃরাজ্য যেরূপে হয় আমায় লাভ করিয়া দিবেন, কিন্তু আনারই অদৃষ্ট ফলে তিনি সমরে পরাজিত হইলেন, এবং আমি বন্দ হইলাম। এক্ষণে বধ্যভূমিতে আসিয়াহি (সরোদনে) হা বিধাত i এই কি তোমার সকলের প্রতি স্থান্দ্রা। আমি রাজ-পুত্র, এমন কি রাজরাজেন্দ্রনয়, আজম ভিখারীর ন্যায় 🗝এদেশ ওদেশ করিয়া বেড়াইলাম্ পিতৃ রাজ্য, ক্লতম্ব পিতৃয্য বলৈ অপহরণ করিল, আর আমি আপন রাজ্যে वन्ती, मूह्र्डीएन मस्डक (निरु इहेर्ड अभागिति इहेर्व, আর হুরাত্মা ক্তম অংশুমান রাজ্য কবিতেছে! —জননি ৷ আবে কেন ৽ শি,তা আমার জীবন বহিগত হউক-—আমি পিতৃহীন ভাতজাুত্র, আমার প্রতি অধিক-ক্ষেহ করা কর্ত্তব্য তাহানয় ছল পূর্বক কপট নিত্রতা দর্শাইয়া আমাকে কান্যকুজপতির হস্ত হইতে আপন অধীনে আনিয়া এখন প্রাণদণ্ড! আমি চলিলাম কিন্তু পরমেশ্বর ইহার বিচার করিবেন (ক্ষণেক নিস্তক্ষ) এই সন্মুখন্থ সমস্ত প্রজারনদ কেহ আমার সমহঃখী নয়, ইহারা আমার পিতার প্রজা নয়, পিতা ইহাদিগকে পুত্র নির্বিশেষে পালন করেন নাই, সেনাপতি পিতার পরম প্রিয়পাত্র ছিলেন কৈ তিনিওত কিছু বলিলেন না। আমার মরণই মঙ্গল মহারাজ! জ্লাদকে আজ্ঞা করুন সত্তর বধ করুক।

যোগি। প্রমথনাথ, বৎস, তুমি আদস্ত হও ভোষার ভর
নাই। (রাজার প্রতি) মহারাজ আমার অনুরোধ রক্ষা
করুন, প্রমথনাথের প্রাণদণ্ড বিধি ভাল হয় নাই, যদি
এই গত সংগ্রামে কাহার দোয থাকে তবে সে প্রমথনাথের প্রস্তি বিদ্যাবতীর। এ দণ্ড তাহার বিধি।
তাহাকে অবেষণ করিয়া আনিয়া দণ্ড বিধান করুন, আর
প্রমথ নাথকে পুত্রবৎ পালন করুন। আপনি অপুত্রক,
আপনার অবর্ত্তমানে প্রমথনাথ রাজ্য করিবে; ভাতুপ্রত্ পুত্র হইতে অধিক ভিন্ন নয়। পুত্র অভাবে
ভাতুপ্ত পিণ্ড প্রদান করিবে।

আংশু। আমি বরং পোষ্য পুত্র গ্রহণ করিব তত্রাচ কদাপি প্রমথ নাথকে মগধের সিংহাসনে বসিতে দিব না! মগধ সিংহাসনে স্বৈরিণীর পুত্র রাজত্ব করিয়া যে মগধ রাজবংশে কলঙ্ক রেখা অঙ্কিত করিবে ইহা কখনই হইতে পারে না! যোগি। তুমি কি রূপে প্রমথ নাথের মাতৃ অপবাদ সঞ্চমাণ করিতে পার? এইত সম্মুখে মগধন্থ যাবতীয় ভদ্রবংশো-দ্ভব সম্রান্ত বাক্তিরা দণ্ডারমান আছেন কৈ উহাদিগকে জিজ্ঞাসা কর উহারা কি বলেন? তুমি একাকী অপবাদ রটনা করিলেই যে প্রমথ নাথ স্বৈরিণীপুত্র হইবে তাহার কোন অর্থ নাই।

আংশু। ভাল তাহাই জিজ্ঞাসা করিতেছি—মক্তি, তুমি প্রমথ নাথের জন্ম বিষয়ে কিরুপ বোধ কর ?

মস্ত্রি। রাজন্ এ দাস অজ্তম রাজসংসারে কিল্পর ভিন্ন অন্য কিছু নয়। যদি বংশে কোন দোষ থাকে সে কথা মৎসদৃশ ব্যক্তির মুখ হইতে নিঃস্ত হওয়া ভাল শুনায় না, যে হেতু আমরা পুরুষারুক্রমে এই রাজকুল প্রসাদাৎ প্রতিপালিত হইয়া আসিতেছি, তবে এন্থানে এই পর্য্যন্ত বলিতে পারি যে উপস্থিত সন্দেহ নিতান্ত কম্পিত, বীর-বর বীরেন্দ্র সিংহের পরিণীতা প্র1 বিনী যে কুলটা ইয়া এমন অসম্ভব যে সহস্র প্রত্যক্ষ প্রমাণ থাকিলেও মিথ্যা। কেশরী-নারী কি শৃগাল উদ্দেশে গমন করে ? কল্লোলিনী ভ্ৰোতস্বতী কি জলাশয়ে ধাবিত হয় গুপোলমন্দিনী इन्द्रां नी कि मानव गर्नाटक वतन करित्रा थाटकन १ वीटतन्त्र-সিং হের ধর্মপত্নী মগধের পাটেশরী কুলট।? একথা মুখে আনিলেও পাপ হয়! বিশুদ্ধা পবিত্রা পতি-রতা—এই পর্য্যন্ত,—ইহার বিপক্ষে কিছুই বলিতে পারি ना।

অংশু। রে বিশাসঘাতক, ত্রাহ্মণকুলকলক্ষ ! তুই কি সাহসে
জগৎ সমীপে এই মিথ্যা বাগাড়ম্বর করিলি; তোরও আজ
প্রমথনাথের দশা হইবে, তুই কি মনে করিয়াছিদ্ যে
আমি যাহা বলিব বস্থারা দেবী তাহাই বিশাস
করিবেন ? জলাদ, এ হ্রাত্মার মস্তক অত্যে ছেদন
করিয়া তার পর অন্য আদেশ পালন করিদ্। সেনাপতি তোমার এ বিষয়ে কি মত ?

জয়। মন্ত্রিমহাশয় যাহা বলিলেন তাহার বিরুদ্ধে আমি কিছুই বলিতে পারি না।

দর্শকমগুলী—আমাদিগের সকলেরও ঐ মত।

অংশু। আমি কাহারও কথা শুনিতে চাই না। আমি রাজা, আমার যাহা বিশ্বাদ আছে আমি দেইরপ করিব, জগৎ একদিকে আমি অন্যদিকে, আমি প্রজা ও অমাত্য বর্গকে শিক্ষা দিব, আর তুমি যোগিনী, তুমি কথনই যোগিনী নহ, তুমি কপটচারিণী কোন হরভিদল্পি করিয়া আমার রাজ্যনাশের জন্য এখানে আদিয়াছ, তোমাকে আজ্ঞা করিতেছি তুমি অবিলয়ে আমার নগরী হইতে বহিষ্কৃত হইয় যাও নচেৎ তোমার প্রতি দণ্ড বিধান করা হইবে।

যোগি। তুমি মগধ রাজকুলে কেন জন্ম গ্রহণ করিয়াছিলে ?
চণ্ডাল গৃহ তোমার জন্ম গ্রহণের উপযুক্ত স্থল। মন্ত্রী
সেনাপতি প্রভৃতি সমস্ত সভাসদ্গণও প্রজাপুঞ্জ, সকলে
একবাক্য হইয়া বলিতেছে প্রমথনাথের জন্মে কোন
সন্দেহ নাই, কিন্তু তুমি ঈর্যা পরতন্ত্র হইয়া অনায়াসে

মগধের এক মাত্র রাজপুত্র প্রমথনাথকে জ্লেম্বর মত বিদার করিতে প্রস্তুত হইয়াছ, তুমি নিতান্ত স্বার্থপর, নরাধম, পরস্বাপহারী, তুমি কোন গুণে এই জগদ্বিধ্যাত মগধ রাজবংশে প্রতিভাত হইতে পারিবেনা। তোমার স্তুট্ট পরম মঙ্গলকর।

শং শু। পাপীয়িদ। তুই কি মগধের নিয়ন্তা—তোর এত
বাগাড়য়রে প্রয়োজন কি—তুই ভিথারিণী এক মুফি
ভিক্ষাতে তুই পরিতুই হইন, তুই রাজকুল শেখর
মগধেশরের বিপক্ষে বাক্য বায় করিতে হিন—আর তাহাতে
তোর কি ফল—তোর কথা মগধে কে শুনিবে, তুই ভণ্ড
যোগিনী, ভাষা তোর কথা শুনিতে চাইনা, এখনি দুরহ,
নহিলে তোর মুণ্ড বধ্যভূমিতে পতিত হইবে—দুর হ
তোর মুণ্ড মগধে পতিত হইলেও পাপ হয়।

লোগি। হুরাআ। আমি পাপীয়সী দিচারিণী ভ্রন্টা
কপটাচারিণী আমি মহাআ বীরেন্দ্র সিংহের পরিণীতা
*নারী, আমার নাম বিদ্যাবতী, প্রমণ্ড নাথ আমার পুত্র
তাহার তুমি বধসাধন করিবে ? জগতে সকলেই মিথ্যাবাদী আর তুমি অবলার সর্বস্ব, বল ও ছল পূর্বক অপহরণ ও তাহার নামে মিথ্যা কলক্ষ রটনা করিয়াও
' সত্যবাদী ? তোমার তুল্য পাপী এই ভারতে আর নাই,
বস্কুরা দেবী তোমার ভার বহনে অক্ষম। তোমার
আর পৃথিবীতে থাকিবার আবশ্যক নাই কেইই
তোমার ব্যবহারে প্রসন্ধ নহে ? তুমি বস্কুরা দেবীর

সপত্নীপুত্র তুমি এখান হইতে দূর হও (কটিদেশ হইতে ছুরিকা বাহির করিয়া অংশুমানের বক্ষস্থলে আঘাত)।

আংশু। পিশাচি পাপিয়িসি আমি পৃর্বেই জানিয়াছিলাম, কিন্তু ভবিতব্যের ফল অলঙ্ঘনীয়। কোন উপায় উদ্ভাবন করি নাই।

সকলে। জয়, জয়, ধর্মের জয়।

অংশু। ওঃ এত দিনের পর আমার পাপের প্রায়শ্চিত্ত হইল—পিপাসায় প্রাণ যায়।

যোগি। কেহ শীঘ্র জল আনয়ন কর।

(এক জনের জল লইয়া প্রবেশ)

যোগি। (অং শুমানের মুখে জল দান)।

অংশু। আমি রাজ্যলোভে অন্ধ হইয়া ভোমাদিগকে আশেষবিধ যাতনা প্রদান করিয়াছি এক্ষণে মহাযাত্রার সময়—'ওঃ তৃষ্ণা (জল দেওন) সকলে—ক্ষণা—কর। বিদ্যাবতী জননী-মা-ক্ষমা কর।

যোগি। আমি ক্ষমা করিলাম—প্রার্থনা করি পর ওয়ে তোমার স্থমতি হয়।

আংশু। বিদ্যাবতী—অমাত্য বর্গ প্র—জা—পুঞ্জ আশীর্কাদ কর যেন পরকালে আর না কন্ট পাই।

সকলে। জগদীশ্বর তাহাই করুন।

আংশু। আমি—মরি—ত্যা (জল প্রদান) সকলে মার্জ্জনা কর-ওঃ-ত্যা (জল প্রদান) বা—বা প্রমথ নাথ স্থ—খে রাজ্য কর আ—মি যা—ই। (স্ত্যু)

. (সমাপ্ত_া)